তদেবাহুঃ ভূতমাত্রেত্যাদি। আশয়শ্চিত্তং ভূতাদিরূপায় অতঃ সর্ব্বকারকরূপায়েতি অহঙ্কারাত্মতয়া নমস্যন্তি ত্রিগুণেনেতি। এবং সৃষ্টিকার্য্যে যস্ত্রিগুণোঽভিমানস্তেন গূঢ়া স্বাংশভূতানামাত্মনাং অনুভূতির্যেন তস্মৈ॥ ৩৮॥

ত্বন্তু অহঙ্কারানাবৃত ইতি স্তুবন্তি নমোঽনন্তায় অহঙ্কারাপরিচ্ছেদাৎ। অতঃ সূক্ষ্মায় অদৃশ্যত্বাৎ। অতএব কূটস্থায় উপাধিকৃত-বিকারাভাবাৎ। অতএব বিপশ্চিতে সর্ব্বজ্ঞায়। এবং বস্তুত্বেন স্তুত্বা অচিন্ত্যমায়ত্বেন স্তুবন্তি নানাবাদানুরোধায় অস্তি নাস্তি সর্ব্বজ্ঞঃ

বৈষ্ণবতোষণী।

কালায় কালশক্তিকত্বেন তদ্রূপায়। অথচ কালস্য কালচক্রস্য নাভয়ে মধ্যবলয়ায় তদাশ্রয়ায়েত্যর্থঃ। সমাসান্তত্বমার্ষং। তথাপি কালাবয়বানাং সাক্ষিণ এব নতু তেষু প্রসক্তায় তদ্দোষালেপাৎ। বিশ্বায় বিরাড়্রূপায় তদুপদ্রষ্ট্রে বিশ্বান্তর্যামিণে॥ ৩৭॥

ভূতাদীনামাত্মনে চেতয়িত্রে জ্ঞানপ্রদায়েত্যর্থঃ। অথচ গূঢ়া মায়য়া আচ্ছাদিতা স্বাংশভূতানাং জীবানামনুভূতিরাত্মতত্ত্বজ্ঞানং যেন তস্মৈ নমঃ॥ ৩৮॥

অনন্তায় পরমমহত্ত্বে অথচ সূক্ষ্মায় কূটস্থায় নির্ব্বিকারায় অথচ বিপশ্চিতে বিচিত্রবৈদগ্ধিগুরবে নানাবাদাননুবোধয়তি প্রবর্ত্তয়তি ইতি তস্মৈ যতঃ বাচ্যবাচকযোঃ অর্থ শব্দয়োঃ শক্তির্যস্মাত্তস্মৈ॥ ৩৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কালবিশেষে দেশবিশেষে চ প্রাদুর্ভবতি তস্মিন্ তত্তৎপরিচ্ছেদাদিদোষান্ বারয়ন্ত্য আহুঃ কালায় কালস্বরূপায় কালনাভায় কালশক্ত্যাশ্রয়ায় তথাপি কালাবয়বানাং সৃষ্ট্যাদিসমবায়ানাং সাক্ষিণে এব নতু তেষু সক্তায়। বিশ্বায় বিশ্বরূপায়। তর্হি কিং জড়োঽহং ন হি তদুপদ্রষ্ট্রে। নচ দ্রষ্টৃমাত্রায় কিন্তু তৎকর্ত্রে। নচ কর্তৃমাত্রায় কিং বিশ্বহেতবে বিশ্বস্য হেতুসমুদায়ায়॥ ৩৭॥

নচ হেতুমাত্রায়াপি যতো ভূতাদীনাং আত্মনে চেতয়িত্রে ইতোঽদ্ভুতং চরিত্রং যতো জড়ানপি চেতয়সি চেতনানপি জড়ীকরোষীত্যাহুঃ। ত্রিগুণো যোঽভিমানস্তেন গূঢ়া আবৃতা শোভনা আত্মনো জীবস্যানুভূতি র্জ্ঞানং যেন তস্মৈ॥ ৩৮॥

নমু কিমত্র তত্ত্বং তত্রাহুঃ অনন্তায় অস্যান্তং বয়ং ন প্রাপ্নুম ইত্যর্থঃ। তত্র হেতুঃ সূক্ষ্মায় দুর্জ্ঞেয়ত্বাদিত্যর্থঃ। নমু জীবাত্মানং মদভিন্নমেব পণ্ডিতা আহুস্তৎ কিমহমাত্মানমেব মোহয়ামি তত্র মৈবং বাদীরিত্যাহুঃ কূটস্থায়। একরূপতয়া তু যঃ, কালব্যাপী স কূটস্থ-ইত্যভিধানাৎ ত্বমেকেনৈবাপ্রচ্যুতস্বরূপেণ সর্ব্বকালং ব্যাপ্নোষি স তু দেবমনুষ্যতির্য্যগাদিভিরনেকৈঃ প্রচ্যুতৈঃ স্বরূপৈঃ কিঞ্চিদেব কালং ব্যাপ্নোতীতি কথং ত্বদভিন্নঃ স ইতি ভাবঃ। দেবমনুষ্যাদিত্বং বস্তুতো জীবস্য ন স্বরূপমিতি চেত্তদপি ত্বত্তঃ স ভিন্ন এবেত্যাহুঃ।

ভগবন্! আপনি কালস্বরূপ, কালশক্তির আশ্রয়, কালাবয়ব সকলের অর্থাৎ সৃষ্ট্যাদি সমবায়ের সাক্ষী, বিশ্বরূপ, বিশ্বের দ্রষ্টা, বিশ্বের কর্ত্তা, এবং বিশ্বের সর্ব্বকারণ, আপনাকে নমস্কার॥ ৩৭॥

প্রভো! আপনি সমস্ত ভূত, ইন্দ্রিয়, প্রাণ, মন, এবং চিত্তের স্বরূপ, সৃষ্টিকার্য্যে যে ত্রিগুণাত্মক অভিমান, তদ্দ্বারা আপনকার অংশভূত আত্মার অনুভাব গূঢ় হইয়া আছে, আপনাকে নমস্কার করি॥৩৮

ভগবন্! আপনি অপরিচ্ছিন্ন অহঙ্কারে আবৃত নহেন একারণ অনন্ত, অদৃশ্য, এপ্রযুক্ত আপনাতে সূক্ষ্ম, উপাধিকৃত বিকার নাই, এই হেতু কূটস্থ অতএব সর্ব্বজ্ঞ। প্রভো। আপনি মায়া দ্বারা অস্তি, নাস্তি, সর্ব্বজ্ঞ, কিঞ্চিজ্জ্ঞ, বদ্ধ, মুক্ত, এক, অনেক, ইত্যাদি নানাবাদের অনুবর্ত্তী হন্। অপর আপনি বাচ্য

নমঃ প্রমাণমূলায় কবয়ে শাস্ত্রযোনয়ে। প্রবৃত্তায় নিবৃত্তায় নিগমায় নমোনমঃ ॥ ৪০ ॥

নমঃ কৃষ্ণায় রামায় বসুদেবসুতায় চ। প্রদ্যুম্নায়ানিরুদ্ধায় সাত্বতাং পতয়ে নমঃ ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চিজ্জ্ঞঃ বদ্ধো মুক্তঃ একঃ অনেকঃ ইত্যাদীন্ নানাবাদান্ অনুরুণদ্ধি মায়য়াঽনুবর্ত্ততে যস্তস্মৈ। কিঞ্চ। বাচ্যবাচকশক্তয়ে অভিধেয়াভিধানশক্তিভেদাদপি নানাত্বেন প্রতীয়মানায়েত্যর্থঃ ॥ ৩৯ ॥

অনাবৃতত্বমেব হেত্বন্তরেণ সূচয়ন্তঃ স্তুবন্তি নমঃ প্রমাণমূলায় চক্ষুরাদীনাং চক্ষুরাদিরূপায় অতএব কবয়ে স্বয়ং তন্নিরপেক্ষজ্ঞানায় কুতঃ শাস্ত্রযোনয়ে বেদাত্মকনিশ্বাসায়। কিঞ্চ। প্রবৃত্তায় নিবৃত্তায় নিগমায় নমোনমঃ ॥ ৪০ ॥

কিঞ্চ অনাবৃতৈশ্বর্য্যাদেব চতুর্মূর্ত্তিরূপেণ সর্ব্বোপাস্যত্বেন নমস্তি নমঃ কৃষ্ণায়েতি শ্লোকেন। রামায় সঙ্কর্ষণায় বসুদেবসুতায় চেতি।

বৈষ্ণবতোষণী।

অতঃ প্রমাণং শ্রীভাগবতশাস্ত্রসারসংগ্রহঃ বেদান্তস্য মূলায় কারণায়াশ্রয়ায় বা কবয়ে স্বতঃসিদ্ধজ্ঞানায় অথচ শাস্ত্রযোনয়ে শাস্ত্রমেব যোনিঃ প্রমাণং যস্য শাস্ত্রযোনিত্বাদিত্যত্র তথা তথা ব্যাখ্যানাৎ। প্রবৃত্তং নিবৃত্তঞ্চ শাস্ত্রং তদুভয়স্মা অপি নিগমরূপায় অদ্ভুতত্বেন পুনর্নমো নম ইতি ॥ ৪০ ॥

কিঞ্চ স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণোঽপি ত্বমেকশ্চতুর্বিধশ্চেতি বদন্ত্যন্তত্রৈব নতিং পর্য্যবসায়য়ন্তি নম ইতি সাত্বতামুপাসকানাং পতয়ে ইতি পতিত্বেনৈক্যমেব সাধিতং। অন্যথানর্থাপত্তিঃ স্যাৎ। তথাচোক্তং পঞ্চমস্কন্ধে শ্রীলক্ষ্মীদেব্যা। স বৈ পতিঃ স্যাদকুতোভয়ঃ স্বয়ং সমন্ততঃ পাতি ভয়াতুরং জনং। স এক এবেতরথা মিথোভয়মিতি। অন্যত্তৈঃ। যদ্বা। কৃষ্ণায়েতি প্রস্তুতত্বাৎ শ্রীনন্দনন্দনরূপায় বক্তং ব্রজেশসুতয়োরনুবেণুজুষ্টং ইত্যাদি প্রসিদ্ধ্যা রামায় চ তদ্রূপায় বসুদেবসুতায় চ তস্মৈ তস্মৈ তৎসহযোগেন প্রদ্যুম্নায় অনিরুদ্ধায় চ তদ্ব্যূহান্তঃপাতিনে এবমত্র কৃষ্ণায়েতি বাসুদেবান্তরস্য ব্যাবৃত্ত্যর্থং রামায়েতি সঙ্কর্ষণান্তরস্য অতএব বসুদেবসুতায়েতি ক্রমেণ ধর্ম্মপুত্রাদের্দশরথপুত্রাদেশ্চ তত্তৎসহযোগেন প্রদ্যুম্নানিরুদ্ধয়োশ্চান্যয়োরিতি তেন সাত্বতা যাদবা এব তদেবং নিত্যত্বমপি সূচিতং। তথাচ শ্রীগোপালতাপন্যাং। প্রাপ্য মথুরাং পুরীং রম্যাং সদা ব্রহ্মাদিসেবিতাং। শঙ্খচক্রগদাশার্ঙ্গরক্ষিতাং মুষলাদিভিঃ। যত্রাসৌ সংস্থিতঃ কৃষ্ণঃ ত্রিভিঃ শক্ত্যা সমাহিতঃ। রামানিরুদ্ধপ্রদ্যুম্নৈ রুক্মিণ্যা সহিতো বিভুরিতি। ত্রিভিঃ রামাদিভিঃ

ক্রমসন্দর্ভঃ।

কৃষ্ণায় রামায় চ বাসুদেবায় বসুদেবসুতায়েতি বাসুদেবাদিচতুর্ব্যূহান্তরং ব্যাবর্ত্তিতং ॥ ৪১ ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

বিপশ্চিতে সর্ব্বজ্ঞায় সতু অল্পজ্ঞ এব প্রসিদ্ধ ইত্যর্থঃ। কিঞ্চ তদপি জীবাত্মা ঈশ্বরাদ্ভিন্ন ইতি ঈশ্বরাভিন্ন ইতি জড় ইতি চেতন ইতি এক ইত্যনেক ইত্যাদিনা নানাবাদান্ অনুরুণৎসি কৌতুকার্থমবকাশয়সীতি তস্মৈ। অতএব ত্বদিচ্ছাবশাদেব তত্র মিথো বিবাদিনো মিথঃ সম্বাদিনশ্চ পণ্ডিতাঃ শব্দমেব প্রমাণীকুর্ব্বন্তীত্যাহ বাচ্যানামর্থানাং বাচকানাং শব্দানাঞ্চ নানাবিধাঃ শক্তয়ো যস্মাৎ তস্মৈ ॥ ৩৯ ॥

শিষ্টশব্দমাত্রস্য প্রামাণ্যেঽপি শ্রীভাগবতস্য সর্ব্বাধিক্যমাহুঃ প্রমাণমূলায় শ্রীভাগবতস্বরূপায় কবয়ে তৎকর্ত্রে বেদব্যাসরূপায় স প্রামাণ্যার্থমেব ব্যাসরূপো ভবসীত্যাহুঃ। শাস্ত্রযোনয়ে অতএব শাস্ত্রস্য যোনয়ে প্রাদুর্ভাবকায় শাস্ত্রং শ্রীভাগবতমেব যোনিঃ প্রমাণং যস্য শাস্ত্রযোনিত্বাদিত্যত্রৈব ব্যাখ্যানাৎ তথা চতুর্ব্বর্গপ্রতিপাদকং শাস্ত্রমপি প্রমাণমিত্যাহুঃ। প্রবৃত্তশাস্ত্রায় নিবৃত্তশাস্ত্রায় তন্মূলনিগমশাস্ত্রায় ॥ ৪০ ॥

সর্ব্বশাস্ত্রপ্রতিপাদিতসারস্বরূপাণি তু তব চত্বার্য্যেবেত্যাহুর্নম ইতি চকারান্নন্দসুতায়চ। সাত্বতাং সাত্বতবংশোৎপন্ন-

ও বাচকশক্তি অর্থাৎ অভিধেয় ও অভিধানশক্তি ভেদের কারণেও নানারূপে প্রতীয়মান হয়েন ॥ ৩৯ ॥

ভগবন্! আপনি প্রমাণসমূহের মূল অর্থাৎ চক্ষুরাদি ইন্দ্রিয়েরও ইন্দ্রিয়স্বরূপ, অতএব আপনি কবি অর্থাৎ নিরপেক্ষ অথবা স্বতঃসিদ্ধ জ্ঞানবিশিষ্ট এবং নিখিলশাস্ত্রের যোনি, অর্থাৎ বেদ সকল আপনকার নিশ্বাস, আর আপনি প্রবৃত্ত ও নিবৃত্ত নিয়ম স্বরূপ, আপনাকে নমস্কার ॥ ৪০ ॥

প্রভো! শুদ্ধসত্বে প্রকাশমান শ্রীকৃষ্ণ, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন এবং অনিরুদ্ধ আপকার এই চারিমূর্ত্তি, আপ-

নমো গুণপ্রদীপায় গুণাত্মাচ্ছাদনায় চ। গুণবৃত্ত্যুপলক্ষ্যায় গুণদ্রষ্ট্রে স্বসম্বিদে ॥ ৪২ ॥

অব্যাকৃতবিহারায় সর্ব্বব্যাকৃতসিদ্ধয়ে। হৃষীকেশ নমস্তুভ্যং মুনয়ে মৌনশীলিনে ॥ ৪৩ ॥

শ্রীধরস্বামী।

বসুদেবশব্দিতং শুদ্ধসত্ত্বং তত্র প্রকাশমানায় বাসুদেবায়েত্যর্থঃ। সাত্বতামুপাসকানাং পতয়ে সালোক্যাদিনা পালকায় এবং চতুর্মূর্ত্তয়ে কৃষ্ণায় তুভ্যং নম ইত্যর্থঃ ॥ ৪১ ॥

কথং চতুর্মূর্ত্তিতেত্যাহুঃ নমো গুণপ্রদীপায়েতি গুণাঃ অন্তঃকরণানি তান্ প্রদীপয়তি, প্রকাশয়তীতি তথা তস্মৈ চিত্তাদ্যধিষ্ঠাতৃত্বেন চতুর্মূর্ত্তিতেত্যর্থঃ। নম্বু তথাপ্যেকস্যৈব কথং চতুষ্ট্বং অত আহুঃ গুণাত্মাচ্ছাদনায় চ তৈরেব গুণৈরুপাসকানাং ফলবৈচিত্র্যায়াত্মানমাচ্ছাদ্য নানাত্বেন প্রকাশমানায়েত্যর্থঃ। নম্বু তর্হি কথং প্রতীতিরত উক্তং গুণবৃত্ত্যুপলক্ষ্যায় চিত্তাদীনাং চেতনব্যবসায়াদিবৃত্তিভিরুপলক্ষ্যায় উপলক্ষণমাহুঃ গুণদ্রষ্ট্রে তৎসাক্ষিণে কথঞ্চিত্তদুপলক্ষ্য এব ন জ্ঞেয় ইত্যাহুঃ স্বসম্বিদে স্বগোচরায়েত্যর্থঃ ॥ ৪২ ॥

স্বগোচরত্বমুপলক্ষ্যত্বঞ্চ দর্শয়ন্তো নমন্তি অব্যাকৃতবিহারায় অতর্ক্যমহিম্নে ইত্যর্থঃ সর্ব্বব্যাকৃতসিদ্ধয়ে সর্ব্বকার্য্যোৎপত্তিপ্রকাশ-

বৈষ্ণবতোষণী।

শক্ত্যা চ রুক্মিণ্যেত্যন্বয়ঃ। এবমেবোক্তং মথুরা ভগবান্ যত্রেতি বসুদেবসুতায় চেতি শ্রীকৃষ্ণপক্ষে চকারাৎ শ্রীনন্দগোপকুমারায় প্রাগয়ং বসুদেবস্য ক্বচিজ্জাত ইতি ন্যায়েন বসুদেবসুতায় চেত্যর্থঃ। শ্রীরামপক্ষে তাতং ভবন্তং মন্বান ইতি বক্ত্রং ব্রজেশসুতয়োরিতি ব্যবহারেণ শ্রীনন্দগোপকুমারায় চেত্যর্থঃ ॥৪১॥

তদেবং ভক্তান্ প্রতি গুণপ্রদীপায় স্বরূপভূতানামৈশ্বর্য্যাদিগুণানাং প্রকাশকায়। অভক্তান্ প্রতি তু গুণৈঃ প্রাকৃতৈরাত্মাচ্ছাদনায়। যদ্যপ্যেবং তথাপি তেষাং প্রাক্ গুণানাং জড়ানাং অপি বৃত্ত্যা প্রবৃত্ত্যোপলক্ষ্যায় তৎপ্রবর্ত্তকত্বেনানুমেয়ায়। তৎপ্রবর্ত্তকত্বমেব কথং তত্রাহ তদ্দ্রষ্ট্রে বীক্ষামাত্রেণেতি ভাবঃ স্বয়ন্তু স্বসম্বিদে স্বপ্রকাশস্বরূপ গুণরূপায়। যদ্বা। এবং যাদবসম্বন্ধেঽপি গোকুলসম্বন্ধ এব গরীয়ানিত্যাহুঃ। প্রেমবশ্যতাদীনাং গুণানাং প্রকর্ষেণ প্রকাশকায় তাদৃশগুণপ্রকাশেনাপ্যাত্মাচ্ছাদনায় চ আবৃতনিজৈশ্বর্য্যায় গুণৈর্দামভিরাত্মানমাচ্ছাদয়সি তথা তস্মৈ বা দামোদরত্বে শ্রীযশোদয়া বহুভির্দামভির্বন্ধনাৎ তথাপি গুণানাং যমলার্জ্জুনমোচনাদি লক্ষিতানাং দাম্নামেব বা বহূনামপ্যপর্য্যাপ্তানাং বৃত্ত্যা বর্ত্তনেন জ্ঞেয়ায়। কিঞ্চ গুণদ্রষ্ট্রে দাম্নাং তেষামেব দ্রষ্ট্রে ভীত্যা মুহুর্দর্শনপরায়। অথচ স্বেষু বয়স্য বালকেষু তদানীমপি নবনীতচৌর্য্যাদ্যর্থং সম্বিদঃ সঙ্কেতা যস্যেতি ইদমদ্ভুতমেব ॥ ৪২ ॥

অব্যাকৃতঃ প্রপঞ্চাতীতো বিহারো যস্য অথচ সর্ব্বত্র ব্যাকৃতেন তত্তল্লীলত্বেন সিদ্ধিঃ প্রসিদ্ধির্যস্য সর্ব্ব ব্যাকৃতস্যৈব সিদ্ধিস্তত্তল্লীলা

ক্রমসন্দর্ভঃ।

অব্যাকৃতবিহারায় প্রপঞ্চাতীতলীলায় ॥ ৪৩ ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

শূরাদীনাং পর্য্যণ্যাদীনাঞ্চ পতয়ে পালকায় ॥ ৪১ ॥

যতস্তেষ্বেব গুণানাং প্রেমবশ্যত্বাদীনাং প্রকর্ষেণ প্রকাশকায়। তথা প্রকাশিতেন প্রেমবশ্যত্বগুণেন আত্মচ্ছাদনায় আবৃত নিজৈশ্বর্য্যায়। তদপি ত্বং ভক্তিতত্ত্বজ্ঞৈর্জ্ঞাতস্বরূপ এব ভবসীত্যাহুঃ। গুণস্য ভক্তবাৎসল্যাতিশয়স্য বৃত্ত্যা অসাধারণসত্তয়া উপলক্ষ্যায় স্বয়ং ভগবন্তং বিনা কোঽপ্যেবং ন ভবতীতি জ্ঞেয়ায়। যতো গুণদ্রষ্ট্রে স্বভক্তস্য গুণমেব পশ্যতি নতু দোষগন্ধমপি যস্তস্মৈ। অতএব স্বেষু ভক্তেষ্বেব সম্বিদনুভবো যস্য তস্মৈ ॥ ৪২ ॥

লীলা পুরুষোত্তমস্য তব লীলামাধুর্য্যাধিক্যমিত্যাহুঃ। অব্যাকৃতঃ অনির্ব্বাচ্যত্বাদব্যুৎপাদিতঃ প্রাকৃতো বা বিহারো যস্য তস্মৈ। যদ্বা।

নাকে নমস্কার করি। ভগবন্! আপনি উপাসকদিগের পতি অর্থাৎ সালোক্যাদি মুক্তি দ্বারা উপাসকের পালক, আপনাকে নমস্কার ॥ ৪১ ॥

প্রভো! আপনি অন্তঃকরণ অর্থাৎ অন্তরিন্দ্রিয়গণ প্রকাশ করেন সুতরাং আপনি চিত্তাদির অধিষ্ঠাতা অতএব চতুর্মূর্ত্তি, অপিচ সেই সেই গুণে উপাসকদিগের ফলের বৈচিত্র্যবশতঃ আপনাকে আচ্ছন্ন করিয়া নানারূপে প্রকাশমান হন্। আর আপনি চিত্তাদির চেতনব্যবসায়াদি বৃত্তিদ্বারা উপলক্ষ্য এবং সত্ত্বাদিগুণত্রয়ের সাক্ষী ও স্বগোচর অর্থাৎ আপনিই আপনার বিষয়, আপনাকে নমস্কার করি ॥৪২

ভগবন্! আপনকার মহিমা তর্কের অগোচর, আপনি সমস্ত কার্য্যের উৎপত্তি ও প্রকাশের হেতু,

পরাবরগতিজ্ঞায় সর্ব্বাধ্যক্ষায় তে নমঃ। অবিশ্বায় চ বিশ্বায় তদ্দ্রষ্ট্রেঽস্য হেতবে ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

হেতুত্বেন উপলক্ষণযোগ্যায়েত্যর্থঃ। উপলক্ষণান্তরমাহঃ হৃষীকেশ করণপ্রবর্ত্তক কিং বিষয়লিপ্সয়া ন মুনয়ে আত্মারামায় কিং সাধনবশেন ন হি ন হি মৌনশীলিনে মৌনমাত্মারামতা তৎস্বভাবায় ॥ ৪৩॥

কুতঃ পরাবরগতিজ্ঞায় স্থূল সূক্ষ্মাণাং গতিজ্ঞত্বেন ন ক্বাপি সজ্জমানায়েত্যর্থঃ। অপিচ সর্ব্বাধ্যক্ষায সর্ব্বাধিষ্ঠাত্রে কুত এতৎ অবিশ্বায় ন বিশ্বং যস্মিন্ তন্নিষেধাবধয়ে বিশ্বায় চ বিশ্বরূপায় তদ্বিবর্ত্তাধিষ্ঠানায়েত্যর্থঃ। কিঞ্চ তদ্দ্রষ্ট্রে অধ্যাসাপবাদসাক্ষিণে ; অপিচ অস্যচ বিশ্বাধ্যাসস্য তদপবাদস্য চ অবিদ্যাবিদ্যাভ্যাং হেতবে। যদ্বা। অবিশ্বায় বিশ্ব তৈজসাদ্যবস্থারহিতায় বিশ্বায় চ মায়য়া স্বাংশৈস্তদবস্থায় তদ্দ্রষ্ট্রে তাসামবস্থানাং ভাবাভাব সাক্ষিণে। অন্যৎ সমানং। তস্মাৎ সর্ব্বগতিজ্ঞত্বসর্ব্বাধিষ্ঠাতৃত্বাত্মারামত্বাদিভি নিরতিশয়ৈশ্বর্য্যায় তুভ্যং নমঃ। বিশেষণৈরসঙ্কীর্ণৈঃ পঞ্চপঞ্চাশতা স্তুতঃ। অহিস্ত্রীভিঃ প্রসন্নোঽবত্তাসামিব ভবেদ্ধরিঃ ॥ ৪৪ ॥

বৈষ্ণবতোষণী।

সাধকতা যস্যেতি বা। তদুক্তং। প্রপঞ্চং নিষ্প্রপঞ্চোঽপীতি অব্যাকৃতলীলত্বাদেব। পরিনিষ্ঠিতোঽপি নৈর্গুণ্যে উত্তমঃশ্লোকলীলয়া। গৃহীতচেতা রাজর্ষে আখ্যানং যদধীতবান্ ইত্যাদিকং ঘটত ইত্যাহঃ হৃষীকেশ হে স্বস্মিন্নাত্মারামপর্য্যান্তানাং সর্ব্বেন্দ্রিয়প্রবর্ত্তকেতি। মুনয়ে আত্মারামায় অথচ অকারপ্রশ্লেষেণ অমৌনশীলিনে তদ্বিপরীত শ্রীগোকুলানন্দনলীলায়। যদ্বা। ন ব্যাকৃতো ন ব্যক্তো-বিহারো দধিপয়শ্চৌর্য্যাদিচেষ্টা যস্য তথাপি সর্ব্বৈরেব ব্যাকৃতা তন্মাত্রাদিভ্যো ব্যাখ্যাতা সিদ্ধিস্তত্তচ্চেষ্টা ফলং দধিপয়োভক্ষণাদিকমপি যস্য তস্মৈ অহো তেন চ সর্ব্বেষাং প্রীতিরেবাসীদিত্যাহঃ হৃষীকেশ হে সর্ব্বেন্দ্রিয়বশীকারিগুণগণেতি। কিঞ্চ তত্রোপালম্ভনাদৌ মুনয়ে মৌনশীলিনে ইতি স্বান্তঃকরণনিহিততাদৃশবয়ুনোঽপি বহির্মৌনেন সুপ্রতীকো যথাস্ত ইত্যেবমুক্তরূপো যস্তস্মা ইত্যর্থঃ। শ্লোকদ্বয়েঽস্মিন্নর্থান্তরাচ্ছন্নতয়োক্তিরিয়ং প্রভুতা স্ফুরণাৎ সঙ্কোচেনেতি জ্ঞেয়ং ॥ ৪৩॥

তাদৃশাতর্ক্য লীলত্বে হেতুঃ পরাবরগতিজ্ঞায় তত্তদাত্মত্বেন তত্তত্তত্ত্বজ্ঞায় নতু জ্ঞেয়ায় তথাপি সম্প্রতি সর্ব্বেষামধ্যক্ষায় অক্ষাণি অধিকৃত্য বর্ত্ততে ইতি প্রত্যক্ষায়। কিঞ্চ ন বিদ্যতে বিশ্বং যত্র তস্মৈ তথাপি বিশ্বায় স্বোদরে তদ্দর্শিতবতে ইত্যর্থঃ। তদ্দ্রষ্ট্রে ব্রহ্মমোহাপনোদনেঽপি অনাবৃতজ্ঞানস্বভাবেন সপাণিকবলরূপেণ তদ্দ্রষ্ট্রে নতু তত্তদ্ব্যাপারকর্ত্রে। তথা তত্তচ্চতুর্ভুজরূপেণাস্য চ হেতবে

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নব্যাকৃতো বিবাহাদিব্যাকাররহিত এব বিহারো যস্য সঃ। সর্ব্বেষাং ভক্তবিশেষাণামেব ব্যাকৃতানাং তৎসেবোচিতবিশিষ্টাকৃতীনাং সিদ্ধির্যস্মাত্তস্মৈ। অতএব হৃষীকেশ ভক্তসর্ব্বেন্দ্রিয়াকর্ষক। ভক্তিহীনেষু মুনয়ে আত্মারামায় অতএব তেষু স্বাভীপ্সিতপ্রার্থকেষু সৎসু মৌনশীলিনে ন কিমপি ব্রুবতে তেভ্যঃ সুখং দুঃখাভাবঞ্চ ন দদতে ॥ ৪৩ ॥

যতঃ পরেষামুৎকৃষ্টানাং ভক্তানাং অবরেষাং নিকৃষ্টানামভক্তানাঞ্চ গতিং প্রাপ্যং জানতে। সর্ব্বাধ্যক্ষায় সর্ব্বফলাধ্যক্ষায় সর্ব্বফলাধ্যক্ষত্বাৎ জ্ঞাত্বা তত্তৎসমুচিতফলস্য দাত্রে ইত্যর্থঃ। কর্ম্মফলদাতৃত্বেঽপি ন তব কর্ম্মসম্বন্ধঃ। যতোঽবিশ্বায় প্রপঞ্চাতীতায় তদপি মায়াশক্ত্যা বিশ্বায় সময়ে বিশ্বং স্রষ্টুং তস্য বিশ্বস্য দ্রষ্ট্রে। তথৈবাস্য বিশ্বস্য হেতুং প্রধানঞ্চ চেতয়িতুং বিকারয়িতুং বা তস্য দ্রষ্ট্রে। ক্রিয়ার্থোপপদস্যেত্যাদিনা চতুর্থী ॥ ৪৪ ॥

একারণ উপলক্ষণ যোগ্য। হে ইন্দ্রিয়প্রবর্ত্তক ! আপনি মুনি অর্থাৎ আত্মারাম এবং মৌনশালী অর্থাৎ আপনার স্বভাবই আত্মারাম, আপনাকে নমস্কার করি ॥ ৪৩ ॥

প্রভো ! আপনি পরাবর গতিজ্ঞ অর্থাৎ স্থূল ও সূক্ষ্ম ভূতসমষ্টির গতি জানেন, একারণ কোনও ভূতে আসক্ত নহেন, অপিচ আপনি সকলের অধিষ্ঠাতা, আপনাকে নমস্কার। প্রভো ! আপনি সর্ব্বাধিষ্ঠাতা, কারণ আপনাতে বিশ্ব বর্ত্তমান নহে অর্থাৎ আপনি "তন্ন তন্ন"ইত্যাদি শ্রুতিতে প্রপঞ্চনিষেধের অবধি, অথচ বিশ্বস্বরূপ অর্থাৎ তদ্বিবর্ত্তের (রজ্জুসর্পবৎ বিশ্বের আরোপের) অধিষ্ঠান, আর আপনি বিশ্বের দ্রষ্টা অর্থাৎ অধ্যাস ও অপবাদের সাক্ষী এবং অবিদ্যা ও বিদ্যা দ্বারা আপনকার ঐশ্বর্য্য নিরতিশয় আপনাকে নমস্কার করি ॥ ৪৪॥

त्वं ह्यस्य जন্মস্থিতিসংযমান্ বিভো গুণৈরনীহো ঽকৃতকালশক্তিধৃক্।
তত্তৎস্বভাবান্ প্রতিবোধয়ন্ সতঃ সমীক্ষয়ামোঘবিহার ঈহসে॥ ৪৫॥
তস্যৈব তেঽমূস্তনব স্ত্রিলোক্যাং শান্তা অশান্তা উত মূঢ়যোনয়ঃ।

শ্রীধরস্বামী।

এবং তাবদ্দণ্ডানুমোদনেন নমস্কারৈশ্চ ভগবন্তং প্রসাদ্যেদানীং ত্বদধীনানাং প্রাণিনাং কোঽপরাধ ইত্যাশয়বত্যঃ প্রার্থয়ন্তে ত্বং হীতি অস্য বিশ্বস্য জন্মাদীন্ ত্বমেবাকৃত অকরোঃ অতশ্চ তাং স্তান্ সংস্কাররূপেণ সতঃ স্বভাবান্ ঘোরত্বাদীন্ প্রতিবোধয়ন্ ঈহসে ক্রীড়সি। যদ্বা। অস্য জন্মাদীন্ ত্বমেব ঈহসে ইত্যন্বয়ঃ। কথম্ভূতঃ। অকৃতা অনাদির্যা কালশক্তিস্তাং ধারয়তীতি তথা। অন্যৎ সমানং॥৪৫॥

অতস্তস্যৈব তবামূস্তনবঃ তন্যস্ত ইতি ক্রীড়োপস্করাঃ তথাপি তবাধুনা শান্তাঃ প্রিয়াঃ কুতঃ সতাং ধর্ম্মপ্রতিপালনেচ্ছয়া ঈহতঃ

বৈষ্ণবতোষণী।

স্থিত্যাদি কারণায় ইতি। এবং সর্ব্ববিরোধাশ্রয়ত্বেনৈবাচিন্ত্যশক্তিত্বং তেনৈব চৈশ্বর্য্যমিতি পূর্ব্বমপি প্রতিপাদিতং অতো বিশেষ বিরোধাশ্রয়ত্বান্নিগ্রাহ্যস্যাপ্যনুগ্রহোযুক্ত এবেতি ভাবঃ॥ ৪৪॥

নন্বস্য কো দোষঃ সর্পত্বদাতুর্ম্মৈবেশ্বরস্য ইত্যাশঙ্ক্যাহুঃ ত্বমিতি পঞ্চভিঃ। হি এব। হে বিভো সর্ব্বেশ্বর। অনীহঃ তত্তদভিলাষশূন্য এব ত্বমীহসে করোষি। নন্বেতদ্বিরুদ্ধং তত্রাহুঃ সত ইতি। তত্র জন্মনি সতঃ প্রকৃতিলীনপ্রাচীনকল্পগতসাধকভক্তবৃন্দস্য সমীক্ষয়া তদুদ্বোধনায় তং দ্রষ্টুমেব কৃতেন প্রকৃতীক্ষণেন ইত্যর্থঃ। স্থিতৌ জন্মমধ্যেঽবতীর্য্য তমেব সম্যক্ কৃপাপূর্ব্বকং সাক্ষাদবলোকিতুং ইত্যর্থঃ। সংযমে তমেবালিঙ্গ্যাপি সমীক্ষিতুমিত্যর্থঃ। মদ্ভক্তানাং বিনোদার্থং করোমি বিবিধাঃ ক্রিয়া ইতি পাদ্মাৎ। তত আনুসঙ্গিকতয়ান্যেষামপি তৎ স্যাদিতি ভাবঃ। নমু যদর্থা সমীক্ষা তএবোদ্বুধ্যন্তাং তত্রাহুরমোঘবিহারঃ যথা কথঞ্চিদপি তত্তৎসম্বন্ধস্যাব্যর্থত্বাদিত্যর্থঃ। তেষামপ্যুদ্বোধনে যুক্তিঃ অকৃতকালশক্তিধৃক্ কালস্বরূপয়া স্বাভাবিকশক্ত্যেত্যর্থঃ তয়া গুণৈরুপলক্ষিতান্ স্বভাবান্ প্রাচীন কর্ম্মসংস্কারান্ প্রতিবোধয়ন্নিতি তস্মাত্তথা কৃতং কর্ম্মণোঽস্যৈব দোষঃ নতু তব ঈশ্বরস্ত পর্য্যণ্যবদ্দ্রষ্টব্য ইতি ন্যায়াদিতি ভাবঃ॥ ৪৫॥

যস্মাদেবং সাম্যং তস্মাত্তস্যৈব ইত্যাদি ত্রিলোক্যাং বর্ত্তমানাঃ সর্ব্বা এবেত্যর্থঃ। অশান্তা ঘোরাঃ। উত অপি মূঢ়য়োনয়োঽপি হি নিশ্চযে বিশেষতস্ত্বধুনা শান্তা ইত্যাদি। এবমপীদৃশ দুষ্টানুগ্রাহকস্য তব পরম কারুণ্যমেব তাদৃশে ত্বয্যপি অপরাধিনোঽস্য পরম

ক্রমসন্দর্ভঃ।

নন্বস্য কো দোষঃ সর্পত্বদাতুর্ম্মমৈবেশ্বরস্যেতি চেদিত্যত আহুস্ত্বমিতি পঞ্চভিঃ। হি এব হে বিভো সর্ব্বেশ্বর অনীহস্তত্তদভিলাষশূন্য এব ত্বমীহসে করোষি নন্বেতদ্বিরুদ্ধং তত্রাহুঃ সতঃ প্রকৃতিলীনপ্রাচীনকল্পগতঃ সাধকভক্তবৃন্দস্য সমীক্ষয়া তদুদ্বোধনায় তদ্দ্রষ্টুমেব কৃতেন প্রতীক্ষণেনেত্যর্থঃ। মদ্ভানাং বিনোদনার্থং করোমি বিবিধাঃ ক্রিয়াঃ। ইতি পাদ্মাৎ। তত আনুসঙ্গিকতয়ান্যেষামপি তৎ স্যাদিতি ভাবঃ। তস্মাত্তথা কৃতকর্ম্মণস্যৈব দোষো নতু ভবেদিতি ভাবঃ॥ ৪৫। ৪৬। ৪৭। ৪৮। ৪৯। ৫০। ৫১॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বসৃষ্ট্যা প্রধানং চেতনযুক্তং বিকৃতঞ্চ কৃত্বা মম কিং ফলমিতি চেত্তত্রাহুস্ত্বমিতি। সতঃ প্রধানস্য সমীক্ষয়া অস্য বিশ্বস্য পূর্ব্বং কল্পান্তে তত্রৈব লীনস্য তত্তৎস্বভাবান্ তাংস্তান্ সংসাররূপেণ সতঃ স্বভাবান্ ঘোরত্বাদীন্ প্রতিবোধয়ন্ জন্মাদীন্ গুণৈরজআদিভিরীহসে করোষি গুণানাং কর্ত্তৃত্বস্য ত্বয্যুপচারাত্বস্তুতস্ত ত্বমনীহঃ। অকৃতা ক্ষণাদি র্যা কালশক্তিস্তাং ধারয়তীতি সঃ। এবঞ্চ প্রধানগতঈক্ষণরূপস্তব বিহারোঽমোঘঃ॥ ৪৫॥

কেনাতিপ্রায়েণৈবং ত্বধ্বে ইতি চেত্তত্রাহুঃ। তস্যৈব পূর্ব্বোক্তলক্ষণস্য তব বিশ্বহেতুত্বাদ্বিশ্বরূপস্য অমূঃ শান্তাদ্যাস্তনবঃ। শান্তাদি

বিভো! আপনি অনীহ অর্থাৎ নিষ্ক্রিয় হইয়াও কালশক্তিকে ধারণকরত গুণদ্বারা এই বিশ্বের সৃষ্টি, স্থিতি ও প্রলয় করিয়া থাকেন, অতএব এক্ষণে সমীক্ষা হেতু সংসাররূপে বর্ত্তমান তত্তৎস্বভাব (শান্ত ঘোর ও মূঢ়াদি অবস্থা) প্রকটিত করত ক্রীড়া করিতেছেন। ভগবন্! আপনকার বিহার অব্যর্থ॥৪৫॥

হে দেব! এই সকল শান্ত অশান্ত মূঢ়যোনি জন যদিও আপনকারই তনু অর্থাৎ ক্রীড়োপকরণ

শান্তাঃ প্রিয়াস্তেহ্যধুনা হবিতুং সতাং স্থাতুশ্চ তে ধর্ম্মপরীপ্সয়েহতঃ ॥ ৪৬ ॥
অপরাধঃ সকৃদ্ভর্ত্রা সোঢ়ব্যঃ স্বপ্রজাকৃতঃ। ক্ষন্তুমর্হসি শান্তাত্মন্ মূঢ়স্য ত্বামজানতঃ।
অনুগৃহ্নীষ্ব ভগবন্ প্রাণাংস্ত্যজতি পন্নগঃ। স্ত্রীণাং নঃ সাধুশোচ্যানাং পতিঃপ্রাণঃ প্রদীয়তাং ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী।

প্রবর্ত্তমানস্য অতস্তানবিতুং স্থাতুঃ স্থিতস্য ॥ ৪৬ ॥
এবঞ্চ তবাপ্রিয়াচরণাদ্যপরাধঃ সোঢ়ব্য ইতি ॥ ৪৭ ॥

বৈষ্ণবতোষণী।

পামরত্বমেবেতি ভাবঃ। তে দ্বয়স্য বাক্যভেদান্ন পুনরুক্তিদোষঃ স্যাৎ। মধ্যমস্তু তে পদং শান্তা ইত্যস্য বিশেষণং ॥ ৪৬ ॥
অতস্ত্বয়া ক্ষন্তুং যুজ্যত এবেত্যাহুরপেতি ভর্ত্রা পোষ্টৃত্বাৎ পিতৃতুল্যেন স্বপ্রজাকৃতোহপরাধঃ সকৃদপি সোঢ়ব্যঃ সোঢ়ুং যোগ্যঃ তস্মাৎ ক্ষন্তুমিত্যাদি। ত্বন্তু শান্তাত্মত্বাৎ সর্ব্বথা ক্ষন্তুমর্হসীত্যর্থঃ। কিন্তু মূঢ়স্য তামসজাতিস্বভাবেন জ্ঞানহীনস্য অতএব ত্বামজ্ঞানতঃ ত্বদদ্ভুতলীলাদিদর্শনেনাপি ত্বাং জ্ঞাতুমশক্নুবতঃ। যদ্বা। সকৃদপি যো ভর্ত্তা তেনাপি ত্বন্তু স্রষ্টৃত্বাদিনা নিত্যেশ্বরঃ কিমুত ইতি ॥
কিং কর্ত্তব্যং ক্ষমা কার্য্যেতি। অনুগ্রহ এব কর্ত্তুং যোগ্য ইত্যাহুঃ অন্বিতি। কুতো ভগবন্ হে পরমদয়ালো। যদ্বা। হে সর্ব্বজ্ঞেতি নিজকারুণ্যমহিমানং স্বমায়াবৈভবং চ অতএব জীবানামস্মাকং দৈন্যঞ্চ ত্বং জানাস্যেবেত্যর্থঃ। এতচ্চাবিলম্বেনেত্যাহুঃ প্রাণানিতি। যদ্বা। অহং হি প্রাণিনাং প্রাণা আর্ত্তানাং শরণং ত্বহং ইত্যাদিনিজপ্রতিজ্ঞাং স্মরস্যেবেত্যর্থঃ। আর্ত্তত্বং দর্শয়ন্তি প্রাণানিতি। অহো বত ন ক্রিয়তাং বাস্মিন্নুগ্রহঃ অস্মাস্ববশ্যং কর্ত্তুমুপযুজ্যত ইত্যাহুঃ স্ত্রীণামিতি। সাধুভিঃ শোচ্যানাং জাত্যৈব স্বাতন্ত্র্যাদ্যভাবাৎ ইতি পরমদৈন্যং দর্শিতং। যদ্বা। সাধু যথাস্যাৎ পুনরমপরাধত্বাদিসম্পাদনেনেত্যর্থঃ। পতিরেব প্রাণঃ জীবনং প্রকর্ষেণ শরীরাক্ষতত্বাদিনা চ দীয়তাং ॥ ৪৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

স্বভাবান্ ত্বমেব প্রতিবোধয়সি চেত্তত্র ঘোরস্বভাবোহয়ং কালিয়ঃ স্বস্বভাবং ক্রৌর্য্যং কথং ত্যক্তুং শক্নোত্বিতি ভাবঃ। তথাপি তবাধুনা শান্তাঃ প্রিয়াঃ। কুতঃ সতাং ধর্ম্মপালনেচ্ছয়া ঈহতঃ প্রবর্ত্তমানস্য অতস্তানবিতুং স্থাতুঃ স্থিতস্য ॥ ৪৬ ॥
অতঃ শান্তলোকবিপ্রিয়কারিত্বলক্ষণোহস্যাপরাধোহভূদেব সচ সকৃৎ সোঢ়ব্য ইতি। অধুনা দণ্ডয়িত্বা শিক্ষিতোহপ্যয়ং ত্বদীয়শান্তজনেষু যদি পুনরপ্যপরাধ্যতি তদা ন সোঢ়ব্য ইতি ভাবঃ। ক্ষন্তুমর্হসীত্যর্থপৌনরুক্ত্যমতিবৈয়গ্র্য ব্যঞ্জকং। ক্ষন্তুমিত্যপরাধমিতি শেষঃ। শান্তাত্মন্নিতি ক্ষন্তৃত্বে হেতুঃ। মূঢ়স্যাজানত ইতি ক্ষন্তব্যত্বে হেতুঃ ॥
ননু চিকিৎসাস্য সাধ্বেব কৃতা রোগো গত এব। কিন্তু রোগশেষদূরীকরণার্থং সপ্তাষ্টাঃ পার্ষ্ণিপ্রহারা অবশিষ্যন্তে তেস্য সম্প্রতি দীয়তামিত্যত আহুরনুগৃহ্নীষ্বেতি। সদোষশেষোহনুগ্রহামৃতপ্রদানেনৈব নাশনীয়ো নতু দণ্ডতীব্রৌষধপায়নেন। যতোহসৌ সম্প্রতি প্রাণাংস্ত্যজতি। ননু ত্যজতু প্রাণান্ কিমনেন বিগীতেন সর্পশরীরেণ অতঃ পরং দিব্যদেহো মদ্ভক্ত এব ভবিষ্যতি তত্রাহুঃ স্ত্রীণামিতি। সুন্দরীণামস্মাকং বৈধব্যে সতি কশ্চিদন্যঃ পাপিষ্ঠঃ সর্পো বলাৎ কাময়িতা ভবিষ্যতীত্যতঃ শোচ্যানামস্মাকময়মেব সম্প্রত্যুৎপন্নবৈষ্ণবতাকত্বাৎ প্রাণঃ স্নেহাস্পদীভবন্ প্রাণতুল্যঃ ॥ ৪৭ ॥

তথাপি আমাদের বোধ হয় অধুনা শান্তজনেরাই আপনকার প্রিয়, কারণ আপনি সাধুজনের ধর্ম্ম প্রতিপালনের ইচ্ছায় চেষ্টা করিতেছেন, অতএব তাঁহাদিগের রক্ষা করিবার নিমিত্ত অবস্থিত হইয়াছেন ॥৪৬
কিন্তু আপনি স্বামী, আপনার ভৃত্য একবার অপ্রিয়তা আচরণ করিয়া যে অপরাধ করিয়াছে তাহার মার্জনা করিতে হইবে। হে শান্তাত্মন্! এ ব্যক্তি অতি মূঢ়, আপনাকে জানে না ইহাকে ক্ষমা করিতে যোগ্য হয়েন। ভগবন্! অনুগ্রহ করুন, নতুবা এই সর্পের এখনি প্রাণত্যাগ হয়, ইহার বিয়োগে আমরা আপনার শোকার্হ হইব, সুতরাং আমাদের অর্থাৎ সাধুগণের শোকার্হ মাদৃশ স্ত্রীগণের প্রাণস্বরূপ পতিকে প্রদান করিতে আজ্ঞা হউক ॥ ৪৭ ॥

বিধেহি তে কিঙ্করীণামনুষ্ঠেয়ং তবাজ্ঞয়া। যচ্ছ্রদ্ধয়ানুতিষ্ঠন্ বৈ মুচ্যতে সর্ব্বতোভয়াৎ ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

ইত্থং স নাগপত্নীভি র্ভগবান্ সমভিষ্টুতঃ। মূর্চ্ছিতং ভগ্নশিরসং বিসসর্জ্জাঙ্ঘ্রিকুট্টনৈঃ।
প্রতিলব্ধেন্দ্রিয়প্রাণঃ কালিয়ঃ শনকৈর্হরিং। কৃচ্ছ্রাৎ সমুচ্ছ্বসন্ দীনঃ কৃষ্ণং প্রাহ কৃতাঞ্জলিঃ ॥৪৮

বয়ং খলাঃ সহোৎপত্যা তামসা দীর্ঘমন্যবঃ। স্বভাবো দুস্ত্যজো নাথ ভূতানাং যদসদ্গ্রহঃ ॥৪৯॥

শ্রীধরস্বামী।

নমু যুষ্মদনুগ্রহেহন্যেষাং মৃত্যুরেবেতি চেৎ নেত্যাহবির্ধেহীতি। ত্বদাজ্ঞয়া প্রাণিনো নাদ্যামেতি ভাব ইতি। ৪৮ ॥
যদসদ্গ্রহ ইতি যতঃ স্বভাবোহসদগ্রহরূপঃ। যদ্বা। যতঃ স্বভাবাৎ অসতি দেহাদৌ গ্রহঃ সুদুস্ত্যজ ইতি ॥ ৪৯ ॥

বৈষ্ণবতোষণী।

তবাজ্ঞয়া যদনুষ্ঠেয়ং বিধেয়ং তৎ কিঙ্করীঃ প্রতি সমাদিশ। যদ্বা। তবাজ্ঞয়ৈব তব কিঙ্করীণাং সতীনাং অস্মাকমনুষ্ঠেয়ং। তবাজ্ঞয়েত্যস্য পরেণান্বয়ঃ। যদযস্মাত্তবাজ্ঞয়া অনুতিষ্ঠন্ কর্ম্ম কুর্ব্বন্ যদনুষ্ঠেয়মিতি বা। বৈ প্রসিদ্ধৌ। সর্ব্বতঃ সর্ব্বস্মাদপি সর্ব্বত্রাপি বা। যদ্বা। সর্ব্বতোভয়ান্মুচ্যতে ইতি ভগবল্লোকপ্রাপ্তিরেবাভিপ্রেতা ॥

স স্তুতিমাত্রপ্রীতঃ শ্রীবৃন্দাবনস্বচ্ছন্দক্রীড়াসুখরসিকো বা। যদ্বা। পরদুঃখকাতরো ভগবান্ শ্রীকৃষ্ণঃ অঙ্ঘ্রিভ্যাং কুট্টনৈঃ প্রহারৈর্ভগ্নশিরসং অতএব মূর্চ্ছিতং তত্যাজ ॥

নিজদুর্ম্মদাদিদোষং হরতীতি হরিং যতঃ কৃষ্ণং সাক্ষাদ্ভগবন্তং। দীনো গতাভিমান আর্ত্তো বা। আর্ত্তত্বাদেবাশক্ত্যা পত্নীবন্ন দণ্ডবৎ প্রণনামেতি জ্ঞেয়ং। প্রকৃষ্টং দীনজনানাং বক্তুমুচিতমাহেতি। অতো ভগবতি নিজদোষারোপণমিব যৎ করিষ্যতে তদপি দৈন্যে নৈব স্বস্য তদধীনতায়ামেব তাৎপর্য্যাৎ ॥ ৪৮ ॥

তথৈবাহ বয়মিতি চতুর্ভিঃ। উৎপত্ত্যা সহ জাতিস্বভাবেনৈবেত্যর্থঃ। নাথ হে ঈশ্বরেতি তমপি ত্বং খণ্ডয়িতুং সমর্থোহসীতি ভাবঃ ॥৪৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

ভবত্বয়ং যুষ্মভ্যং পতিদর্ত্ত এব কিন্তু যন্ময়াদিশ্যতে তৎকর্ত্তব্যমিতি তত্র সসম্ভ্রমমবশ্যমেবেত্যাহবিধেহীতি। তচ্চ ইতঃ স্থানাদন্যত্র শীঘ্রং যাতেত্যগ্রে ব্যক্তীভবিষ্যতি ॥

অঙ্ঘ্রিভ্যাং কুট্টনৈঃ প্রহারৈর্ভগ্নশিরসং কালিয়ং তত্যাজ। তচ্ছীর্ষেভ্যঃ সহসৈবাবপ্লুত্য তদগ্রে তস্থাবিত্যর্থঃ ॥
কৃচ্ছ্রাদিতি কষ্টাদেব কথঞ্চিৎ কৃতাঞ্জলিঃ সর্ব্বাঙ্গব্যথাবত্ত্বাৎ নতু ভূমৌ দণ্ডবন্নিপত্য প্রণামসমর্থ ইতি ভাবঃ ॥ ৪৮ ॥
যদযতো হসতো বিরুদ্ধত্বেন জ্ঞাতস্যাপি রাগদ্বেষাদের্গ্রহো গ্রহণং বিদুষামপি কিং পুনর্মূঢ়ানামস্মাকমিতি ভাবঃ ॥ ৫৯ ॥

প্রভো! আমরা আপনার কিঙ্করী আমাদের প্রতি বিহিত আদেশ করুন, যাহা আজ্ঞা করিবেন তাহাই করিব, অর্থাৎ আপনি যদি আজ্ঞা করেন অতঃপর একেবারেই প্রাণিভক্ষণে ক্ষান্ত হইব। প্রভো! শুনিয়াছি যে, শ্রদ্ধাপূর্ব্বক আপনার আদেশ পালন করিলে সর্ব্ব প্রকার ভয় হইতে পরিত্রাণ হয় ॥

শুকদেব কহিলেন যে, নাগপত্নীগণ কর্ত্তৃক এই প্রকারে ভগবান্ শ্রীকৃষ্ণ স্তুত হইয়া সেই ভগ্নমুণ্ড ও মূর্চ্ছিত নাগরাজকে চরণদ্বারা কুট্টন অর্থাৎ আঘাতবিশেষ করিয়া ত্যাগ করিলেন। হেরাজন্! দীন কালিয় পরিত্যক্ত হইবামাত্র স্বীয়ইন্দ্রিয় ও প্রাণ পুনঃ প্রাপ্ত হইয়া অতিকষ্টে নিশ্বাস ত্যাগ করিতে করিতে কৃতাঞ্জলিপুটে হরিকে এইরূপ নিবেদন করিল যে—॥ ৪৮ ॥

হে ভগবন্! আমরা জন্মাবধি খল এবং তমঃপ্রকৃতি, অতএব আমাদের শোক অতিকষ্টেও শান্ত হইবে না। হে নাথ! প্রাণিদিগের স্বভাব দুস্ত্যজ, যে হেতু তাহা দুষ্ট গ্রহ অর্থাৎ প্রেতাদির ন্যায় ॥ ৪৯ ॥

ত্বয়া সৃষ্টমিদং বিশ্বং ধাতর্গুণবিসর্জ্জনং । নানাস্বভাববীর্য্যৌজোযোনিবীজাশয়াকৃতি ॥ ৫০॥
বয়ঞ্চ তত্র ভগবন্ সর্ব্বজাত্যুরুমন্যবঃ । কথং ত্যজামস্ত্বম্মায়াং দুস্ত্যজাং মোহিতাঃ স্বয়ং ॥ ৫১ ॥
ভবান্ হি কারণং তত্র সর্ব্বজ্ঞো জগদীশ্বরঃ । অনুগ্রহং নিগ্রহং বা মন্যসে তদ্বিধেহি নঃ ॥
শ্রীশুক উবাচ ॥
ইত্যাকর্ণ্য বচঃ প্রাহ ভগবান্ কার্য্যমানুষঃ ॥ ৫২ ॥

শ্রীধরস্বামী

গুণৈর্বিবিধতয়া সৃজ্যত ইতি গুণবিসর্জ্জনং তত্রাপি নানাস্বভাবাদয়ো যস্য তৎ ॥ ৫০ ॥
জাত্যা জন্মনৈব উরুর্মন্যু র্যেষাং তে স্বয়ং কথং ত্যজামঃ ॥ ৫১ ॥
হি যস্মাত্তত্র ত্বন্মায়াত্যাগে ভবানেব কারণমিতি । অনুগ্রহং বিধেহি নিগ্রহং বা ঈশ্বরত্বাৎ ॥ ৫২ ॥

বৈষ্ণবতোষণী ।

তদেবাভিব্যঞ্জয়তি ত্বয়েতি সার্দ্ধেন । নন্থ ব্রহ্মণা সৃজ্যতে নতু ময়েত্যাশঙ্ক্যাহ হে ধাতস্নিতি । ত্বমেব তদ্রূপেণ সৃজসীতি ভাবঃ । স্বভাবঃ শান্তত্বাদিঃ বীর্য্যৌজসোর্দেহেন্দ্রিয়শক্তিভেদেন ভেদঃ । যোনিবীজয়োর্মাতাপিতৃভেদেন ভেদঃ । আশয়ো বাসনা । আকৃতিঃ রূপং ॥ ৫০ ॥

ভগবন্ হে সর্ব্বেশ্বরেতি স্বকর্ম্মণৈব সর্পা ইতি পক্ষো নিরস্তঃ কর্ম্মণামপীশ্বরত্বাৎ তস্মাদস্মাকন্ত্বোণৈবাপরাধোঽয়ং জাত ইতি ভাবঃ । অতঃ কথমপি অন্যৈরপি দুস্ত্যজাং ॥ ৫১ ॥

স্বয়ং ত্যাগাশক্তৌ হেতুর্ভবানিতি ত্বয়া হেতুনৈব সা ত্যাজ্যা স্যাদিত্যর্থঃ । মন্যসে যমিচ্ছসি তমেব বিধেহীত্যর্থঃ তত্র সর্ব্বং নিজমায়াবৈভবাদিকমস্মাকঞ্চ দৌষ্ট্যাদিকং জানাসীতি সর্ব্বজ্ঞঃ ইত্যনুগ্রহে হেতুঃ জগদীশ্বরঃ পরম স্বতন্ত্র ইতি চ নিগ্রহে । তথাচ বিষ্ণুপুরাণে যথাহং ভবতা সৃষ্ট ইত্যাদি । অন্যৈস্তৈঃ । যদ্বা । সর্ব্বজ্ঞ ইত্যনুগ্রহনিগ্রহয়োঃ কারণং বেৎসি । জগদীশ্বর ইতি তয়োরেকং বিধেহীতি ব্যাক্যার্থঃ । তত্রচ জগদীশ্বর ইতি সত্যপি নিগ্রহকারণেঽনুগ্রহমপি কর্ত্তুং শক্নোষীতি ভাবঃ ॥

ইত্যাকর্ণ্যেত্যর্দ্ধকং । ময়া যদাদিশ্যতে তদনেনাবশ্যং কার্য্যমিতি তদুক্ত্যভিপ্রায়ং জ্ঞাত্বেত্যর্থঃ । কার্য্যং জগদ্ধিতং তদর্থং স্বেন মানুষরূপেণ প্রকটো যো ভগবান্ । যদ্বা । কার্য্যং ক্রীড়া মনুষ্যলীলয়ৈব মানুষঃ নতু তত্তদ্ভৌতিকদেহ বিশেষত্বেনেত্যর্থঃ । যদ্বা । কার্য্যা নিজপ্রেমভক্তিবিস্তারণাদিনা সম্পাদ্যা মানুষা যেন । মানুষেষ্ববতারেণ তেষামেব প্রাধান্যাৎ । অতস্তস্য মূলস্থানে শ্রীবৃন্দাবনে

ক্রমসন্দর্ভঃ ।

কার্য্যং ক্রীড়া মনুষ্যলীলা তয়ৈব মানুষো নতু তত্তদ্ভৌতিকদেহবিশেষত্বেনাপীত্যর্থঃ ॥ ৫২ । ৫৩ । ৫৪ । ৫৫ । ৫৬ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী ।

গুণৈর্বিবিধং সর্জ্জনং সৃষ্টির্যত্র তৎ । বিবিধত্বমাহ নানাস্বভাবাদয়ো যস্য তৎ ॥ ৫০ ॥
জাত্যা জন্মনৈব বহুকোপাঃ ॥ ৫১ ॥
তত্র মায়াত্যাগে ॥
কার্য্যেষু ব্রহ্মরুদ্রাদিদুষ্করেষপি কালিয়নিগ্রহাদি কর্ম্মসু মানুষ এব নতু তত্তৎকৃত্যসমুচিতচক্রপাণ্যাদিরূপ ইত্যর্থঃ । যদ্বা । কার্য্যং ক্রীড়া লীলা তয়ৈব মানুষঃ লীলাময়মানুষস্বরূপ ইত্যর্থঃ । যদ্বা । কস্য ব্রহ্মণোঽপ্যাশ্চর্য্যশ্চাসৌ মানুষশ্চেতি সঃ । যদ্বা । কার্য্যং

হে দেব ! এই বিশ্ব গুণের প্রভাবেই বিবিধরূপ দৃষ্ট হয়, ইহার বীর্য্য, সামর্থ্য, যোনি, বীজ, আশয় (বাসনা) ও আকৃতি (রূপ) নানাপ্রকার, আপনি এই বিশ্ব সৃজন করিয়াছেন ॥ ৫০ ॥

ভগবন্ ! এই বিশ্বমধ্যে আমরা সর্প জাতি, জন্মদ্বারাই আমাদের মন্যু গুরুতর । অপিচ, আমরা মোহাচ্ছন্ন, ইহাতে আমরা আপনা হইতে আপনার মায়া কি প্রকারে ত্যাগ করিতে পারি ? ॥ ৫১ ॥

ভগবন্ ! যে হেতু আপনার মায়াত্যাগে সর্ব্বজ্ঞ জগদীশ্বর আপনিই কারণ, অতএব অনুগ্রহ অথবা নিগ্রহ যাহা ইচ্ছা করেন তাহাই আমাদের প্রতি বিধান করুন । শুকদেব কহিলেন রাজন্ ! কার্য্যার্থ

নাত্র স্থেয়ং ত্বয়া সর্প সমুদ্রং যাহি মা চিরং। সজ্ঞাত্যপত্যদারাঢ্যো গোনৃভির্ভুজ্যতে নদী ॥৫৩॥
য এতৎ সংস্মরেন্মর্ত্ত্য স্তুভ্যং মদনুশাসনং। কীর্ত্তয়ন্নুভয়োঃ সন্ধ্যো র্ন যুষ্মদ্ভয়মাপ্নুয়াৎ॥ ৫৪॥
যোহস্মিন্ স্নাত্বা মদাক্রীড়ে দেবাদীংস্তর্পয়েজ্জলৈঃ। উপোষ্য মাং স্মরন্নর্চ্চেৎ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে ॥৫৫

শ্রীধরস্বামী।

যতো গোভি র্নৃভিশ্চ নদী ভুজ্যত ইতি॥ ৫৩॥

ন যুষ্মত্তো ভয়মাপ্নুয়াৎ তস্য যুষ্মাভির্ভয়ং নোৎপাদনীয়মিত্যাজ্ঞা॥ ৫৪॥

ইতোঽপি নির্গন্তব্যমিত্যাহ যোঽস্মিন্নিতি। ত্বয়ি স্থিতে তন্ন ভবতীতি ভাবঃ॥ ৫৫॥

বৈষ্ণবতোষণী।

সর্পাণাং স্থিতিরনুচিতেতি ভাবঃ। যদ্বা। কাং ব্রহ্মণোঽপি আর্য্যাঃ পূজ্যতমা মানুষাঃ শ্রীনন্দাদয়ো যস্য সঃ। এবং তেষাং সুখার্থমিতি ভাবঃ॥ ৫১॥

হে সর্পেতি তত্র স্থিত্যযোগ্যতাং যানে শক্তিঞ্চ দর্শয়তি। অতএব স্বস্য জ্ঞাত্যাদিভির্যুক্ত ইতি। স্বশব্দেন তেষাং তাদৃশচ্ছর্বিষময়ত্বং তদধীনত্বঞ্চ সূচিতং॥ ৫৩॥

ত্বাং প্রতি মমানুশাসনং নাত্র স্থেয়মিত্যাদিলক্ষণমপি অস্ত তাবদত্র ক্রীড়াদিকং। সন্ধ্যোঃ সন্ধ্যয়োঃ। কীর্ত্তয়ন্ যঃ স্মরেৎ। তদেবং নাত্র ইত্যাদিপদ্যদ্বয়ং সর্পোচ্চাটনে মন্ত্র এব জ্ঞেয়ঃ। তথাচ ঋগ্বেদস্য মন্ত্রান্তরং। যমুনাহ্রদে হি সো যাতো যো নারায়ণবাহনঃ। যদি কালিকদন্তস্য যদি কাকালিকাদ্ভয়ং। জন্মভূমিপরিক্রান্তো নির্বিষো যাতি কালিকঃ॥ ইতি॥ ৫৪॥

জলৈস্তর্পয়েদিতি বিষোদ-দোষাগমঃ সূচিতঃ। উপোষ্য তীর্থোপবাসং কৃত্বা মাং চিন্তয়ন্ অর্চ্চয়েৎ স সর্ব্বৈস্ত্রিবিধৈঃ পাপৈঃ প্রকর্ষেণ বাসনারাহিত্যেন মুচ্যতে॥ ৫৫॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

মানুষস্যেব যস্য সঃ॥ ৫২॥

যতো গোভির্নৃভিশ্চ নদী ভুজ্যতে তটপ্রবাহাগত ঘাসপত্রফলজলানাং ভোগৌচিত্যাৎ॥ ৫৩॥

তব পাদস্পর্শে মম চ ত্বদ্দণ্ড ইত্যাবয়োঃ কীর্ত্তিরাচন্দ্রার্কং স্থাস্যতীত্যাহ য ইতি। ন যুষ্মত্তো ভয়মাপ্নুয়াদিতি তেন পদ্যদ্বয়মিদং সর্পোচ্চাটনে মন্ত্র এব জ্ঞেয়ঃ। তথাচ ঋগ্বেদস্য মন্ত্রান্তরং। যমুনাহ্রদে হি সো যাতো যো নারায়ণবাহনঃ। যদি কালিকদন্তস্য যদি কাকালিকাদ্ভয়ং। জন্মভূমিপরিক্রান্তো নির্বিষো যাতি কালিকঃ॥ ইতি॥ ৫৪॥

ইতোঽপি হেতোস্ত্বয়া নির্গন্তব্যমেবেত্যাহ যোঽস্মিন্নিতি ত্বয়ি স্থিতে তন্ন সম্ভবতীতি ভাবঃ॥ ৫৫॥

নরাবতার ভগবান্ শ্রীকৃষ্ণ ঐ সকল কথা শুনিয়া এইরূপ প্রত্যুত্তর করিলেন যে,—॥ ৫২॥

হে সর্প! তুমি আর এখানে থাকিও না, পুত্র, কলত্র, বন্ধু ও বান্ধব সহ সমুদ্রে গমন কর, বিলম্ব করিও না, কারণ গো ও মনুষ্যেরা নদী উপভোগ করিয়া থাকে, তুমি এখানে থাকিলে তাহারা এখানে আসিতে পারিবে না॥ ৫৩॥

অপিচ, তোমার প্রতি আমার এই শাসন, যে মানব ইহা স্মরণ এবং উভয় সন্ধ্যায় কীর্ত্তন করিবে সে ব্যক্তি কখন তোমাদের নিকট হইতে ভয় না পায় অর্থাৎ আমি আজ্ঞা করিতেছি তোমরা কদাপি সে ব্যক্তির ভয় উৎপাদিত করিতে পারিবা না॥ ৫৪॥

তথা যে ব্যক্তি আমার এই উদ্যানস্থিত হ্রদের জলে স্নান করিয়া ইহার দ্বারা দেবাদিতর্পণ করিবে এবং উপবাসপূর্ব্বক আমাকে স্মরণ করিয়া অর্চ্চনা করিবে, তাহারা সর্ব্বপাপ হইতে মুক্ত হইবে, একারণেও তোমার এস্থান হইতে প্রস্থান করা কর্ত্তব্য হইতেছে। যদি তুমি এখানে থাক, তবে কোন ব্যক্তি এস্থানে আসিতেই পারিবে না, স্নান পূজা করিবার কথা ত দূরে থাকুক্॥ ৫৫॥

দ্বীপং রমণকং হিত্বা হ্রদমেতমুপাশ্রিতঃ। যদ্ভয়াৎ স সুপর্ণস্ত্বাং নাদ্যান্মৎপাদলাঞ্ছিতং॥

শ্রীঋষিরুবাচ॥

মুক্তো ভগবতা রাজন্ কৃষ্ণেনাদ্ভুতকর্ম্মণা। তং পূজয়ামাস মুদা নাগঃ পত্ন্যশ্চ সাদরং।

দিব্যাম্বরস্রঙ্মণিভিঃ পরার্দ্ধৈরপি ভূষণৈঃ। দিব্যগন্ধানুলেপৈশ্চ মহত্যোৎপলমালয়া।

শ্রীধরস্বামী।

নচ তব গরুড়ভয়ং ভবেদিত্যাহ দ্বীপমিতি॥ ৫৬॥

বৈষ্ণবতোষণী।

রময়তীতি রমণং সজ্ঞায়াং কন্। ইতি সুখকারিত্বং। এতচ্চ তৎপ্রোৎসাহনার্থং। এতং কিঞ্চিদধিকযোজনমাত্রং। তদ্দ্বীপাৎ প্রমাণেন স্বল্পতরমিত্যর্থঃ। উপাশ্রিত ইতি নিত্যাবাসত্বং নিরস্তং নাদ্যাৎ নাত্তুং শক্নুয়াৎ যতো মৎপাদেতি। তচ্চ পূর্ব্বমেব নৃত্যগতিবিলাসেন কিং বা অধুনৈব প্রসাদীকৃতং॥

মুক্ত ইতি বিসসর্জ্জেত্যস্যানুবাদমাত্রং। এবমুক্তো ভগবতেতি বা পাঠঃ। অদ্ভুতকর্ম্মণেতি নিগৃহীততয়া প্রসিদ্ধোঽপ্যসৌ নিজপূর্ব্বসুখবসতিস্থানং প্রাপ। যদ্ভয়াৎ তৎ স্থানং তত্যাজ তস্মাত্তদপগতং। বিশেষতশ্চ শ্রীবৈষ্ণবাগ্রস্য তস্য সখ্যং সম্মান্যত্বঞ্চ শ্রীভগবৎপাদাব্জচিহ্নতো জাতং। কিঞ্চ। ব্রহ্মাদিসেব্যলক্ষ্মীপ্রার্থ্য তৎপাদাব্জরেণুভিস্তাদৃশনৃত্যলীলয়া চ পর্য্যাচিতাঃ সর্ব্বে মূর্দ্ধানঃ সফলা বভূবুঃ শ্রীব্রহ্মাদ্যপেক্ষ্য শ্রীভগবদনুশাসনং লব্ধং। তেন চ সাক্ষাত্তন্মধুরবচনামৃতং পীতং। পশ্চাৎ পরমভক্তবৎ পূজাদিকঞ্চ কৃতমিতীত্থং বহির্দৃষ্ট্যা নিগ্রহস্যাপ্যনুগ্রহবিশেষত্বে ক্রোধস্যাপি পরমপ্রসাদত্ব এব পর্য্যবসানাৎ। অপিচ তাদৃশাপরাধিনোঽপি তত্র দমিতস্যৈব সতো হৃদা শরণাগতিমাত্রেণ তাদৃশানুগ্রহাৎ। চলসি যদ্ব্রজাচ্চারয়ন্ পশূন্ নলিনসুন্দরং নাথ তে পদমিত্যাদিগীয়মানপরমসৌকুমার্য্যশ্রীপদাব্জস্পর্শেন রত্ননিকরাচিততন্মূর্দ্ধবর্গচূর্ণনাৎ। তাদৃশৈশ্বর্য্যপ্রকটনসময়ে মুনিসিদ্ধাদিশ্রীগোপাদিসাক্ষাদেব মহানৃত্যকৌতুকাৎ। তত্রাপি পরিভ্রমৎ বিলোলৎ ফণগণেষু গতিকলা রক্ষণাচ্চ ইতি দিক্। এতচ্চ তস্য ভগবত্তাবিশেষপ্রকটনমিত্যাহ ভগবতেতি। ইদঞ্চাশেষং সর্ব্বজ্ঞত্বাৎ শ্রীশুকদেবোঽবদদিতি শ্রীঋষিঃ সর্ব্বদর্শী উবাচেতি সূতোক্তিশ্চ। রাজন্ হে বুদ্ধ্যা-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

নচ তে গরুড়াদ্ভয়ং ভাবীত্যাহ দ্বীপমিতি॥

অদ্ভুতকর্ম্মণেতি কালিয়াদ্ব্রজস্থজীবস্য ত্রাণং কালিয়স্যাপি গরুড়াত্রাণমিতি হিংস্যহিংসকয়োরুভয়োরপি কল্যাণমিত্যদ্ভুতং কর্ম্ম। কৃষ্ণেনেতি স্বভক্তগরুড়াপরাধস্য স্বপ্রিয়ব্রজস্থজীবাপরাধস্য চ কর্ষণং পরমভক্তকালিয়পত্নীপ্রীত্যনুরোধাৎ কৃতমিতি ভাবঃ॥

সাদরমিতি পূর্ব্বশ্লোকোক্তেঃ। হে প্রভো দুষ্টতায়াঃ পরমাবধিরূপে ময়ি কৃপায়াঃ পরমাবধিরর্পিতঃ ত্বয়া যদহো প্রাকৃতাপ্রাকৃত লোকেষু মদন্যঃ কোঽপি ধ্বজবজ্রাঙ্কুশাদিচিহ্নানি স্বমূর্দ্ধ্নি ন ধত্তে তদহং সাম্প্রতং শ্রীমদঙ্গানি মদ্দন্তদংশোগ্রবিষদাহতপ্তানি সুগন্ধশীতলচন্দনরসেন সস্ত্রীক এব পাণিভিঃ স্পৃশন্। নমু লিম্পানি শৃঙ্গারজানি চেত্যতঃ ক্ষণমত্রৈব দিব্যাসনে উপবিশেত্যুপবেশ্য স্ববাঞ্ছিতং পূরয়িত্বা লব্ধভগবৎপ্রসাদস্ততো নির্জগামেত্যাহ দিব্যেতি সার্দ্ধদ্বয়েন। মণিভিরিতি কৃষ্ণপ্রাদুর্ভাবকালে তদ্বক্ষঃস্থ এবাসীৎ যঃ কৌস্তুভঃ স এব তস্য নরলীলত্বশোভাব্যাঘাতাভাবার্থং। তদেবালক্ষিতং কালিয়কোষাগারমধ্যে প্রবিষ্টোঽভূৎ। অতএব বহুরত্নালঙ্কারপ্রদান-

হে সর্প! এস্থান হইতে নির্গত হইলে তোমারও গরুড় হইতে কোন ভয়ের সম্ভাবনা নাই, শীঘ্র তুমি এই হ্রদ পরিত্যাগ করিয়া রমণকদ্বীপে গিয়া আশ্রয় লও, যাহার ভয়ে এই হ্রদ আশ্রয় করিয়াছিলে সেই সুপর্ণ তোমাকে ভক্ষণ করিবে না, বিশেষতঃ তোমার মস্তকে আমার পদচিহ্ন রহিল, ইহাতেও তোমার নিকট গরুড়াগমন সম্ভাবনা নাই।

শুকদেব কহিলেন রাজন্! এই বলিয়া অদ্ভুতকর্ম্মা ভগবান্ কৃষ্ণ কালিয়কে ছাড়িয়া দিলে, কালিয়নাগ এবং তাহার পত্নীগণ হৃষ্ট হইল, পরে মহাসমাদরে তাঁহার পূজা করিতে লাগিল। উৎকৃষ্ট বসন,

পূজয়িত্বা জগন্নাথং প্রসাদ্য গরুড়ধ্বজং। ততঃ প্রীতোঽভ্যনুজ্ঞাতঃ পরিক্রম্যাভিবাদ্য তং।
সকলত্রসুহৃৎপুত্রো দ্বীপমব্ধের্জগাম হ। তদৈব সামৃতজলা যমুনা নির্ব্বিষাভবৎ।
অনুগ্রহাদ্ভগবতঃ ক্রীড়ামানুষরূপিণঃ ॥ ৫৬ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং দশমস্কন্ধে কালিয়দমনং নাম ষোড়শোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৬ ॥ * ॥

শ্রীধরস্বামী।

॥ * ॥ ইতি দশমে ষোড়শঃ ॥ * ॥

বৈষ্ণবতোষণী।

দিনা প্রকাশমানেতি এতদদ্ভুতকর্ম্মত্বং সহেতুকং ত্বয়াববুদ্ধ্যত এবেতি ভাবঃ। নাগঃ কালিয়ঃ। মুদেতি শ্রীভগবত্তত্তদনুগ্রহানুসন্ধানাৎ। সাদরং সপ্রেম। অতস্তাসাং হস্তৈরেব গন্ধানুলেপনাদিকং জ্ঞেয়ং ॥

দিব্যেতি সার্দ্ধদ্বয়ং। দিব্যেত্যাদিবিশেষণৈর্ম্মর্ত্ত্যলোকিকতো বৈশিষ্ট্যং। অতএব মাল্যাদীনাং বিষদোষাস্পর্শাদিকঞ্চ জ্ঞেয়ং। প্রায়স্তেষাং সঙ্কল্পসিদ্ধত্বঞ্চ। জগতাং নাথং পূজয়িত্বেতি তৎপূজয়ৈবেহ লোকে পরত্রচ জগতি সর্ব্বত্রৈব স্বতো মঙ্গলং বৃত্তমিতি। গরুড়ধ্বজং প্রসাদ্যেতি শ্রীগরুড়াদপি ভয়ং নিবৃত্তমিতি ভাবঃ। প্রীতঃ সন্তুষ্টমনাঃ। যদ্বা। তস্মিন্ প্রীতঃ জাতপ্রীতিঃ। যদ্যপি তস্য গমনেন কলত্রাদিসহিতস্যৈব তস্য গমনং স্বত এব সম্ভবতি। তথাপি সকলত্রেতি জ্ঞাত্যপত্যদারাঢ্য ইতি শ্রীভগবন্নির্দ্দেশানুবর্ত্তিত্বং জ্ঞাপিতং। হ স্ফুটমেব ॥

সা সর্ব্বোপঘাতকদুর্বিষময়জলাপি তত্র হ্রদবিশিষ্টে প্রদেশে নির্বিষতাপত্ত্যৈব তস্যা নির্বিষত্বমুক্তং। ন কেবলং নির্বিষা অমৃতজলা পরমমিষ্টতোয়া চ। শ্রীভগবচ্চরণসংসর্গেণ পরমানন্দপ্রদজলাপি বাভবৎ। তাদৃশঞ্চ সামর্থ্যং তস্য কিঞ্চিদপীত্যাহ ভগবত ইতি। অত্র প্রয়োজনং ক্রীড়েতি। ক্রীড়াযুক্তশ্চাসৌ প্রসিদ্ধমানুষস্যৈব যদ্রূপমাকারস্তদ্বিদ্যতে যস্য সচ তস্য। তথাচ সা স্বমানুষ্যলীলৌপয়িকী স্যাদিতি ভাবেনেত্যর্থঃ ॥ ৫৬ ॥

॥ * ॥ ইতি দশমটিপন্যাং বৈষ্ণবতোষণ্যাং ষোড়শঃ ॥ ০ ॥

ক্রমসন্দর্ভঃ।

॥ * ॥ ইতি ক্রমসন্দর্ভে শ্রীদশমে ষোড়শঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

সময়ে কালিয়পত্নীভিরপরিচিত এব স্বীয়রত্নবিশেষজ্ঞানেন কৌস্তভো দত্তঃ। যদুক্তং। কৌস্তভাখ্যো মণির্যেন প্রবিশ্য হ্রদমৌরগং। কালীয়প্রেয়সীবৃন্দহস্তৈরাত্মোপহারিতঃ। ইতি গণোদ্দেশদীপিকায়াং। প্রসাদ্যেতি ভগবানপি কালিয়মূর্দ্ধস্বভয়হস্ততলনিধানেন তদীয়সর্ব্বাঙ্গব্যথামুপশময়ামাসেতি ভাবঃ। গরুড়ধ্বজং প্রসাদ্যেতি ভো গরুড়বাহন প্রভো সম্প্রত্যহং গরুড়স্য জ্যেষ্ঠভ্রাতুর্দাসোঽভুবং অতঃ কদাচিদ্দূরদেশস্য গন্তব্যত্বে সত্যহমপি স্ববাহনত্বেন স্মর্ত্তব্যো নিমেষমাত্রেণৈব শতকোটিযোজনগামী দাসানুদাস ইতি তদুক্তির্গম্যতে। অতঃ কালিয়ারূঢ় এব কংসনির্দ্দিষ্টঃ কৃষ্ণো মথুরাং জগামেতি পৌরাণিকী কথা কচিৎ শ্রূয়তে ইতি ॥

ক্রীড়ামানুষরূপিণ ইতি নিত্যযোগে ইনিঃ ॥ ৫৬ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং। দশমে ষোড়শোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

মাল্য, মণি এবং পরমোৎকৃষ্ট বহুমূল্য ভূষণ, তথা দিব্য অনুলেপন এবং মহতী উৎপলমালা, এই সকল বস্তু উপহার প্রদান পূর্ব্বক পূজা করিয়া গরুড়ধ্বজ জগন্নাথকে প্রসন্ন করিল। তদনন্তর প্রীত ও অনুজ্ঞাত হইয়া প্রদক্ষিণ এবং অভিবাদনপূর্ব্বক স্ত্রী, পুত্র ও মিত্র সমভিব্যাহারে সাগরমধ্যস্থ সেই রমণক দ্বীপে গমন করিল। হে রাজন্! ক্রীড়ার্থ নিত্যই মনুষ্যশরীরধারি ভগবান্ হরির অনুগ্রহে ঐসময় হইতে যমুনা বিষবিহীন এবং তাহার জল অমৃতবৎ সুস্বাদ হইয়াছে ॥ ৫৬ ॥

॥ * ॥ ইতি দশমে ষোড়শ ॥ * ॥

শ্রীরাজোবাচ ॥

নাগালয়ং রমণকং কথং তত্যাজ কালিয়ঃ। কৃতং কিম্বা সুপর্ণস্য তেনৈকেনাসমঞ্জসং ॥ ১ ॥

শ্রীবাদরায়ণিরুবাচ ॥

উপহার্য্যৈঃ সর্পজনৈর্মাসি মাসীহ যো বলিঃ। বানস্পত্যো মহাবাহো নাগানাং প্রাঙ্ নিরূপিতঃ॥২

স্বং স্বং ভাগং প্রযচ্ছন্তি নাগাঃ পর্ব্বণি পর্ব্বণি। গোপীথায়াত্মনঃ সর্ব্বে সুপর্ণায় মহাত্মনে ॥ ৩ ॥

বিষবীর্য্যমদাবিষ্টঃ কাদ্রবেয়স্তু কালিয়ঃ। কদর্থীকৃত্য গরুড়ং স্বয়ন্তু বুভুজে বলিং ॥

শ্রীধরস্বামী।

নাগং সপ্তদশে নাগালয়ং তং নিরযাপয়ং। বন্ধূন্ সুদুঃখিতঃ শ্রান্তান্ সুপ্তাংস্তত্র দবাদপাৎ ॥ ০ ॥

অসমঞ্জসমপ্রিয়ং ॥ ১ ॥

উপহার্য্যা ভক্ষ্যাঃ। সর্পজনৈঃ সর্পায়ত্তৈর্জনৈঃ। বানস্পত্যঃ বনস্পতের্মূলে দেয়ঃ। নাগানাং তদ্বাধপরিহারায় যো বলি নিরূপিতঃ কল্পিতঃ ॥ ২ ॥

তেচ নাগাঃ স্বং স্বং ভাগং তৈর্জনৈর্দত্তং সুপর্ণায় প্রযচ্ছন্তি। ততো ভীতাঃ। গোপীথায় রক্ষণায় ॥ ৩॥

বিষবীর্য্যাভ্যাং যো মদস্তেনাবিষ্টঃ কাদ্রবেয়ঃ কদ্রুসুতো। গরুড়ং কদর্থীকৃত্য অবিগণয্য। যদ্বা। উপহার্য্যৈঃ সুপর্ণস্য ভক্ষ্যাঃ। সর্পা এব

বৈষ্ণবতোষণী।

অভীষ্টলীলাসিদ্ধ্যা শ্রীভগবতস্তদভ্যুদয়দর্শনেন শ্রীব্রজস্য চ স্বস্থতামাকর্ণ্য স্বস্থঃ প্রীয়মাণঃ সন্ কথামধ্য এব কথাসৌষ্ঠবায় তৎপূর্ব্ববৃত্তং পৃচ্ছতি নাগেতি। নাগানামালয়ং স্বভাবতঃ সর্পবর্গস্য বসতিস্থানং নতু গরুড়স্যেত্যর্থঃ। অতো বহবো নাগাস্তত্রান্যে নিবসন্ত্যেবেতি ভাবঃ। নমু যদ্বয়াদিতি তৎসূচিতমেব তত্রাহ কৃতং কিমিতি। বা শব্দঃ কটাক্ষে ॥ ১ ॥

উপেতি ত্রিকং। হে মহাবাহো ইতি যথা মহারাজস্য পরাক্রমেণ বৈরিণোঽপি রাজানো বলিমুপহরন্তীতি ভাবঃ ॥ ২ ॥

পর্ব্বণি পর্ব্বণি প্রতিপক্ষদশ্যন্তং। মহাত্মনেঽপরিচ্ছিন্নশক্তয়ে ইত্যর্থঃ। অয়ং ভাগপ্রদানে হেতুঃ ॥ ৩ ॥

পশ্চাদ্বিষবীর্য্যাভ্যাং মদাবিষ্টঃ সন্। কাদ্রবেয় ইতি ভ্রাতৃত্বঞ্চ মদে হেত্বন্তরং জ্ঞেয়ং। কদর্থীকৃত্য তদনাদরেণ তচ্ছুত্বেতি বক্ষ্যমাণা

ক্রমসন্দর্ভঃ।

শ্রীভগবতো ব্রজস্য চ স্বস্থতামাকর্ণ্য স্বস্থঃ কথামধ্যতঃ এব তৎসৌষ্ঠবায় পৃচ্ছতি নাগেতি ॥ ১ ॥ ২ ॥ ৩ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তার্ক্ষ্যাদ্ভীতিঃ কালিয়স্য তার্ক্ষ্যে সৌভরিশাপবাক্। কৃষ্ণাপ্তির্গোহহাং দাবাত্রাণং সপ্তদশেঽভবৎ ॥ ১ ॥

উপহার্য্যৈর্ভক্ষ্যত্বেনোপহারীক্রিয়মাণৈঃ সর্পরূপৈর্জনৈঃ। বানস্পত্যো বনস্পতের্মূলে দেয়ঃ। নাগানাং নাগৈর্গরুড়াৎ স্ববাধ-পরিহারায়। নিরূপিত উপকল্পিতঃ ॥ ২ ॥

তত্র সর্ব্বে নাগাস্তং স্বং স্বং ভাগং প্রযচ্ছন্তি। পর্ব্বণি পর্ব্বণি প্রতিপক্ষদশি। গোপীথায় রক্ষণায়। কিন্তু কালিয়স্তু তং ন প্রযচ্ছতি প্রত্যুতান্যৈর্দত্তমপি স্বয়মেব বুভুজে ॥ ৩ ॥

সপ্তদশ অধ্যায়ে নাগালয় হইতে কালিয়ের নির্গমন এবং ভগবান্ কর্ত্তৃক সুদুঃখিত শ্রান্ত ও সুপ্ত বন্ধুগণকে দাবানল হইতে পরিত্রাণ বর্ণন ॥ ০ ॥

রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন ব্রহ্মন্! কালিয় কি নিমিত্ত নাগালয় রমণক দ্বীপ পরিত্যাগ করে, আর সেই কালিয় গরুড়ের কি অপ্রিয় কার্য্য করিয়াছিল? ॥ ১ ॥

শুকদেব কহিলেন রাজন্! নাগদিগের অধীন সুতরাং ভক্ষণীয় জনগণ নাগের পীড়াপরিহারার্থ যে বলি মাসে ২ বৃক্ষমূলে অর্পণ করিবার নিয়ম নির্দ্ধারিত করিয়াছিল— ॥ ২ ॥

নাগেরা আত্মরক্ষণার্থ সেই বলির স্ব স্ব অংশ, প্রত্যেক পূর্ণিমায় ও অমাবস্যায় মহাত্মা গরুড়কে অর্পণ করিত ॥ ৩ ॥

কিছু কাল পরে কদ্রুতনয় কালিয় স্বীয় বিষ ও বীর্য্যজনিত মদে আবিষ্ট হইল অতএব গরুড়কে

তচ্ছ্রুত্বা কুপিতো রাজন্ ভগবান্ ভগবৎপ্রিয়ঃ। বিজিঘাংসুর্মহাবেগঃ কালিয়ং সমুপাদ্রবৎ ॥৪॥
তমাপতন্তং তরসা বিষায়ুধঃ প্রত্যভ্যয়াদুত্থিতনৈকমস্তকঃ।
দদ্ভিঃ সুপর্ণং ব্যদশদ্দদায়ুধঃ করালজিহ্বোচ্ছ্বসিতোগ্রলোচনঃ ॥ ৫ ॥
তং তার্ক্ষ্যপুত্রঃ স নিরস্য মন্যুনা প্রচণ্ডবেগো মধুসূদনাসনঃ।

শ্রীধরস্বামী।

জনাস্তৈ নাগানাং সম্বন্ধী যস্মিন্নেকৈকো নাগো দীয়তে তথাভূতো যো বলিঃ সুপর্ণায় নিরূপিতঃ তত্র স্বং স্বং ভাগং সর্ব্বে নাগাঃ প্রযচ্ছন্তি কালিয়স্তু ন প্রযচ্ছতি কিন্ত্বন্যৈর্দত্তমপি তং বলিং স্বয়মেব বুভুজে ॥ ৪ ॥

বিষমেবায়ুধং যস্য সঃ। প্রত্যভ্যয়াৎ যোদ্ধুং প্রতি জগাম। উত্থিতনৈকমস্তক উন্নমিতানেকফণঃ। দদায়ুধঃ দন্তায়ুধঃ। করালজিহ্বশ্চাসাবুচ্ছ্বসিতোগ্রলোচনশ্চ উচ্ছ্বসিতানি উজ্জৃম্ভিতানি উগ্রাণি লোচনানি যস্য সঃ ॥ ৫॥

তার্ক্ষ্যপুত্রো গরুড়ঃ মধুসূদনস্যাসনং যস্মিন্ ॥ ৬॥

বৈষ্ণবতোষণী।

ত্বদীয়েভ্যো বলাদ্গ্রহণেনৈব বা কদর্থীকৃত্য। স্বয়ন্তু স্বয়মেব ॥

হে রাজন্নিতি বলিপ্রদরাজবিপ্রতিপত্ত্যা ভবদাদিবদিতি ভাবঃ। যতো ভগবান্ সর্ব্বশক্তিযুক্তঃ। ভগবতঃ প্রিয়শ্চ পার্ষদপ্রবর-ইত্যর্থঃ। অতো ভগবদ্বদ্দুষ্টনিগ্রহপরতয়া মহাবেগঃ সন্ সম্যঙ্মারণোদ্যততয়া সমীপ এবাগচ্ছৎ তস্য তুচ্ছত্বেঽপি ধার্ষ্ট্যাৎ তামসত্বেন ভগবদনাদরস্বভাবত্বাচ্চেতি ভাবঃ ॥ ৪ ॥

বিষায়ুধঃ দূরাদেব ফুৎকারাদিনা তন্মোচকঃ সন্ প্রত্যভ্যয়াৎ নিকটেতু দদায়ুধঃ সন্ ব্যদশৎ। করালদুর্ব্বিষময়তয়া স্পর্শমাত্রেণ হিংসকা জিহ্বা যস্য উচ্ছ্বসিতানি প্রসারিতানি উগ্রাণি দৃষ্টিমাত্রেণ ভস্মীকরাণি লোচনানি যস্য স চ স চ ॥ ৫ ॥

তৃক্ষো মরীচিঃ ততঃ শিবাদিত্বাদদন্তাদ্যপ্যণ্ ততস্তদনন্তরাপত্যস্য তার্ক্ষ্যস্য শ্রীকশ্যপস্যমহামুনেঃ পুত্রঃ। ইতি জন্মনা তৎপ্রভাবঃ সূচিতঃ।

ক্রমসন্দর্ভঃ।

বিষায়ুধঃ ফুৎকারাদিনা দূরাৎ। দদায়ুধো নিকটাৎ ॥ ৫ ॥ ৬ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

কদর্থীকৃত্য অনাদৃত্য তত্রত্য কর্ণেজপসর্পমুখাত্তচ্ছ্রুত্বা ॥ ৪ ॥

বিষায়ুধঃ দূরাৎ ফুৎকারেণ তন্মোচকঃ নিকটে তু দদায়ুধো ব্যদশৎ। করালা জিহ্বা যস্য উদ্ধৃতং শ্বসিতং যস্য উগ্রাণি লোচনানি যস্য সচ সচ সচ সঃ ॥ ৫ ॥

তার্ক্ষ্যস্য কশ্যপস্য পুত্রঃ। মধুসূদনস্যাসনং যস্মিন্ সঃ ॥ ৬ ॥

গণ্য না করিয়া স্বয়ং সমুদায় বলি ভোজন করিতে আরম্ভ করিল। অথবা গরুড়ের ভক্ষ্য সর্পগণ এক এক নাগ দিব বলিয়া গরুড়ের নিমিত্ত যে বলি নিরূপিত করিয়াছিল, সকল নাগই তাহাতে স্বস্ব ভাগ প্রদান করিত, কেবল কালিয় মদোন্মত্ততা প্রযুক্ত তাহা প্রদান করিল না, নিজে দেওয়া ত দূরের কথা অন্যের প্রদত্ত বলিও নিজে ভোজন করিতে লাগিল। এই বৃত্তান্ত শ্রবণগোচর হইলে ভগবৎপ্রিয় অর্থাৎ ভগবানের শ্রেষ্ঠ পার্ষদ গরুড়ের অতিশয় কোপ হইল, তিনি প্রাণবধ কামনায় মহাবেগে কালিয়-সন্নিধানে ধাবমান হইলেন ॥ ৪ ॥

হে রাজন্! গরুড়কে আসিতে দেখিয়া বিষায়ুধ কালিয় আপনার অসংখ্য ফণা উন্নমিত করিয়া যুদ্ধার্থ তাঁহার প্রতি গমন করিল। কালিয়ের জিহ্বা অতিশয় ভয়ানক, নিশ্বাস বায়ু সুদীর্ঘ এবং লোচন উগ্র হইয়া উঠিয়াছিল, অতএব দন্তরূপ অস্ত্রধারী ঐ নাগ দশনরূপ শস্ত্রদ্বারা সুপর্ণকে দংশন করিতে আরম্ভ করিল ॥ ৫ ॥

মহাত্মা গরুড় ভগবান্ মধুসূদনের আসন (বাহন), ইহাতেই তাহার বেগ অতিশয় প্রচণ্ড ছিল।

পক্ষেণ সব্যেন হিরণ্যরোচিষা জঘান কদ্রোঃ সুতমুগ্রবিক্রমঃ॥ ৬॥

সুপর্ণপক্ষাভিহতঃ কালিয়োঽতীববিহ্বলঃ। হ্রদং বিবেশ কালিন্দ্যাস্তদগম্যং দুরাসদং॥ ৭॥

তত্রৈকদা জলচরং গরুড়ো ভক্ষ্যমীপ্সিতং। নিবারিতঃ সৌভরিণা প্রসহ্য ক্ষুধিতোঽহরৎ।

মীনান্ সুদুঃখিতান্ দৃষ্ট্বা দীনান্ মীনপতৌ হতে। কৃপয়া সৌভরিঃ প্রাহ তত্রত্যক্ষেমমাচরন্।

শ্রীধরস্বামী।

তস্য গরুড়স্য অগম্যং অগাধতয়া চ দুরাসদং॥ ৭॥

তদগম্যত্বে কারণমাহ তত্রেতি নিবারিতোঽপি॥ ৮॥

বৈষ্ণবতোষণী।

তার্ক্ষী তি বা পাঠঃ। গর্গাদিভ্যো যঙিতি গোত্রাপত্যবিবক্ষয়া। গরুত্মান্ গরুড়স্তার্ক্ষ্য ইত্যপ্যুচ্যতে। সচ কালিয়স্ত কিয়ানিতি স্বাভাবিক-বিশেষাস্তরমপ্যাহ যদ্বিবতি। কালিয়েতু তাদৃশস্বভাবে মাতুরেব গুণসঞ্চার ইত্যাহ কদ্রুসুতমিতি। শ্রীগরুড়স্যাতু সৌন্দর্য্যমপ্যাহ হিরণ্যেতি। সব্যেনেতি অবহেলাং বোধয়তি॥ ৬॥

অন্যৈরপি দুরাসদং দুষ্প্রবেশং॥ ৭॥

একদেতি চতুর্বিংশচতুর্যুগাদপি পূর্ব্বত্র শ্রীরঘুনাথপূর্ব্বজমান্ধাতৃমহারাজে পৃথ্বীং শাসতীতি জ্ঞেয়ং। জলচরমিতি সর্ব্বেষামেব সত্ত্বে সাধারণমিত্যর্থঃ। তত্রচ ভক্ষ্যং পক্ষিজাত্যুচিতলীলস্য তস্যাহারত্বেন প্রাপ্তং। অতএবেপ্সিতং। তথাপি মুনিবাক্যমাদরণীয়মিতি চেত্তত্রাহ ক্ষুধিত ইতি। শ্রীভগবদ্বদেব লীলয়াঙ্গীকৃতক্ষুদপি ক্ষুধার্ত্তানাং ভক্ষণানর্হস্যাপি ভক্ষণে দোষাস্মৃতেঃ। এবং শ্রীগরুড়স্যাপরাধঃ পরিহৃতঃ। কিন্তু তস্য মুনেরেবাপরাধ ইতি ভাবঃ। ক্ষুধিতস্য মহত্তমস্য ভক্ষণবিঘ্নাচরণাৎ॥

অন্যমপি মহাপরাধং তস্যাহ মীনানিতি দ্বাভ্যাং। দীনান্ স্বভাবত এব জলচরত্বেন কিঞ্চিদপি কর্ত্তুমশক্তেঃ। মীনপতৌ সর্ব্ব মৎস্যরক্ষকে হতে সুষ্ঠু দুঃখিতান্ দৃষ্ট্বা এতেন তস্যান্যমৎস্যবিলক্ষণং সজ্ঞানত্বং জ্ঞাপয়তি দীন ইতি। সপ্তম্যন্তপাঠে সদৈব গরুড়ভয়েনার্ত্ত ইত্যর্থঃ প্রথমান্তপাঠো বা। মহাপার্ষদে ধার্ষ্ট্যাদিনা বিবেকরহিত ইত্যর্থঃ॥

ক্রমসন্দর্ভঃ।

অন্যৈর্দুরাসদং দুষ্প্রবেশং॥ ৭॥

ভক্ষ্যং পক্ষিজাত্যুচিতলীলস্য আহারত্বেন প্রাপ্তং। অতএব ঈপ্সিতং। অতএব লীলয়া ভগবদ্বদেব ক্ষুধিতঃ।

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

দুরাসদং অগাধজলত্বেনান্যৈরপি দুষ্প্রবেশং॥ ৭॥

গরুড়াগম্যত্বে কারণমাহ তত্রেতি মাভুঙ্ক্ষ্বেতি নিবারিতোঽপীতি তস্মিন্ পবনমহতি গরুড়ে আজ্ঞাপ্রদানং তদিষ্টপ্রাতিকূল্যঞ্চেতি সৌভরেরপরাধদ্বয়ং। তদাজ্ঞালঙ্ঘনং প্রাণিহিংসনঞ্চেত্যপরাধদ্বয়ং গরুড়স্য নাভূত্ততঃ সকাশাদতিতেজস্বিত্বাদিতি জ্ঞেয়ং॥

তত্র তৃতীয়মপরাধং তস্যাহ মীনানিতি। কৃপয়েতি মীনান্ প্রতি যথা তস্য কৃপা তথা গরুড়ং প্রতি কোপশ্চ গম্যঃ। তত্রত্যানাং জীবমাত্রাণামেব ক্ষেমং কর্ত্তুমিতি ততশ্চ কালিয়াগমনেন তেষাং সর্ব্বেষামক্ষেমমেবাভূদিতি মহদপরাধিনঃ কৃপাপি বিপরীতফলৈব ভবেদিতি দ্যোতিতং॥

এই ব্যাপারে তাঁহার বিজাতীয় ক্রোধ হইল, রোষবশতঃ কদ্রুপুত্রকে নিরস্ত করিয়া সুবর্ণবৎ দেদীপ্যমান বামপক্ষের আঘাতে অতিশয় আহত করিলেন॥ ৬॥

রাজন্! গরুড়ের পক্ষদ্বারা আহত হইবামাত্র কালিয় অতিশয় বিহ্বল হইল এবং গরুড়ের অগম্য ও অগাধতা হেতু দুর্গম কালিন্দীহ্রদে প্রাণভয়ে প্রবেশ করিল॥ ৭॥

হে পরীক্ষিৎ! কালিন্দীহ্রদ গরুড়ের অগম্য কেন?, কারণ বলি শুন। একসময় গরুড় হ্রদের প্রধান একটী জলচরকে আপনার ঈপ্সিতভক্ষ্য বোধ করিয়া ধরিতে যাইতেছিলেন, দৈবাৎ সৌভরির নয়নগোচর হওয়াতে তিনি বারণ করিলেন, কিন্তু ক্ষুধার্ত্ততাপ্রযুক্ত গরুড় সে নিবারণ শুনিলেন না, প্রত্যুত ব্যগ্র হইয়া ঐ ভক্ষ্য হরণ করিলেন। সেই জলচর মীনদিগের অধিপতি, সে হত হইলে মীনসকল দুঃখিত হইল, তাহা দেখিয়া সৌভরির চিত্ত দয়ার্দ্র হইল অতএব তিনি ঐ জলাশয়স্থ জলচরদিগের মঙ্গলাকাঙ্ক্ষায়

অত্র প্রবিশ্য গরুড়ো যদি মৎস্যান্ স খাদতি। সদ্যঃ প্রাণৈর্বিযুজ্যেত তথ্যমেতদ্ব্রবীম্যহং ॥ ৮ ॥
তৎকালিয়ঃ পরং বেদ নান্যঃ কশ্চন লেলিহঃ। অবাৎসীদ্গরুড়াদ্ভীতঃ কৃষ্ণেন চ বিবাসিতঃ ॥ ৯॥
কৃষ্ণং হ্রদাদ্বিনিষ্ক্রান্তং দিব্যস্রগ্গন্ধবাসসং। মহামণিগণাকীর্ণং জাম্বূনদপরিষ্কৃতং ॥ ১০ ॥

শ্রীধরস্বামী

লেলিহঃ সর্পঃ। অতস্তত্রাবাৎসীৎ ॥ ৯ ॥
জাম্বূনদং সুবর্ণং তেন পরিষ্কৃতং ভূষিতমিতি ॥ ১০ ॥

বৈষ্ণবতোষণী।

অত্র হ্রদে মৎস্যানিতি জলচরোপলক্ষণং। স মদ্বাক্যাবমন্তা শ্রীভগবৎপার্ষদপ্রবরোঽপীতি বা। অহমিতি তপোবলাদ্যভিমানাৎ। এতেনৈবং কিল বৈষ্ণবাপরাধেন তস্য তপোভঙ্গাদিপরমানর্থঃ ফলিতঃ। তচ্চ নবমস্কন্ধে বর্ণিতং। কিঞ্চ তত্রত্যাক্ষেমার্থং সঙ্কল্পোঽপি বিপরীত এবাভবৎ তত্রাস্ত তাবৎ জলচরাণাং বার্ত্তা কালিয়নিবাসেন তীরবর্ত্তিনাং বৃক্ষাদীনামপি তথোপরি গচ্ছতাং খগাদীনামপি মরণং প্রাপ্তমিতি কেবলং শ্রীবৃন্দাবনযমুনাশ্রয়মাহাত্ম্যেন শ্রীভগবৎকৃপয়া অনতিচিরেণ তদপরাধঃ সদ্যঃ ফলমিব। বিবেকিনাং নরকতুল্যমেব বিষয়ভোগং কৃত্বা তেন পশ্চান্নিস্তীর্ণমিতি ॥ ৮ ॥

তৎপ্রোক্তবৃত্তং কালিয় এব পরং কেবলং বেদেতি শ্রীগরুড়দ্বেষেণ তদ্ভীত্যা সর্ব্বত্র নির্ভয়স্থানান্বেষণাৎ পূর্ব্বজন্মশতকৃতভাগ্য-বিশেষাচ্চ। কৃষ্ণেন সর্ব্বানন্দকরেণেতি ভাবঃ ॥ ৯ ॥

এবমুপোদ্ঘাতং সমাপ্য প্রস্তুতমাহ কৃষ্ণমিতি যুগ্মকং। জাম্বূনদং দিব্যসুবর্ণং ভক্ত্যা নাগবৃন্দপরিবৃতত্বাৎ তস্মাদ্ধ্রদাদ্বিশেষেণৈব নিষ্ক্রান্তং সম্যগুপলভ্য দৃষ্ট্বা তাবদপি শঙ্কয়া স্তব্ধত্বাৎ। নিষ্ক্রমণমপি গতিলাঘবেনৈব জলোপর্য্যুপরি ক্রান্ত্বৈবেতি জ্ঞেয়ং ॥ ১০ ॥

ক্রমসন্দর্ভঃ।

মৎস্যানিতি জলচরোপলক্ষণং ॥ ৮ ॥
বেদেতি শ্রীনারদদ্বারেতি জ্ঞেয়ং ॥ ৯ ॥
বিশেষেণৈব নিষ্ক্রান্তং উপলভ্য দৃষ্ট্বা ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অত্র যদীত্যনেন পক্ষান্তরমপি লভ্যতে। ততশ্চায়মর্থঃ। অত্র প্রবিশ্য যদি মৎস্যান্ খাদতি তদা সদ্যস্তৎক্ষণ এব প্রাণৈর্বিযুজ্যেত যদি চ মৎস্যান্ন খাদতি তদা তু অসদ্যঃ কিঞ্চিদ্বিলম্ব এবেতি হ্রদপ্রবেশমাত্র এব শাপঃ মৎস্যখাদনে তু শাপাতিশয়ঃ। অত্রেত্যভিশাপং গরুড়ঃ সর্ব্বজ্ঞত্বাদেব জ্ঞাত্বা নায়াতঃ কালিয়স্ত্বাত্মীয় তত্রত্য সর্পমুখাজ্জ্ঞাত্বৈবাগতঃ। সৌভরেস্ত গরুড়ায় কুপ্যতো যস্মিন্ কুপাঽভূনিষ্ট তস্য মীনস্যৈব সদ্যাহুথিতা দুর্ব্বাসনৈবাপরাধফলং যতশ্চ বিলুপ্তব্রহ্মানন্দঃ স চিরসঞ্চিততপঃ স্পষ্টস্বযৌবনেনৈব মূল্যেন কামিনীবৃন্দং ক্রীত্বা তত্রৈব নরকতুল্যে বিষয়ানন্দে নিমজ্জন্নপরাধভোগান্তে শ্রীবৃন্দাবনযমুনাশ্রয়মাহাত্ম্যেনৈব পশ্চান্নিস্তীর্ণবানিতি নবমে কথা ॥৮ ॥ ৯ ॥

উপোদ্ঘাতং সমাপ্য প্রস্তুতমাহ কৃষ্ণমিতি দ্বাভ্যাং বিশেষেণ নিষ্ক্রান্তমিতি জলোপর্য্যুপর্য্যেব চরণাভ্যামেব সন্তরণলাঘবেনৈবমপি কালিয়াদিষ্টং কমপি সর্পমলক্ষিতমারুহ্যৈবেতি জ্ঞেয়ং। অন্যাঙ্গানাং জলাপ্লুতত্বে দিব্যস্রগ্গন্ধবাসসমিতি বিশেষণং সাধুনোপপদ্যতে॥১০

কহিলেন, অতঃপর গরুড় যদি এখানে প্রবেশ করিয়া মৎস্য খায়, তবে সদ্যই প্রাণে বিযুক্ত হইবে, আমি নিশ্চয় কহিলাম ॥ ৮ ॥

হে রাজন্! ঐ বিবরণ কেবল কালিয় জানিত, অন্য কোন সর্প অবগত ছিল না। অতএব গরুড়-ভয়ে ভীত হইয়া কালিয় তথায় বাস করিয়াছিল। শ্রীকৃষ্ণ তাহাকে সে স্থান হইতে নির্ব্বাসিত করিয়া দিলেন ॥ ৯ ॥

সে যাহা হউক, এদিকে শ্রীকৃষ্ণ দিব্য বসন, দিব্য মাল্য ও দিব্য গন্ধ ধারণ পূর্ব্বক সুবর্ণে ভূষিত এবং উৎকৃষ্ট মণিসমূহে অলঙ্কৃত হইয়া কালিন্দীহ্রদ হইতে নির্গত হইয়া আসিলে পর—॥ ১০ ॥

উপলভ্যোত্থিতাঃ সর্ব্বে লব্ধপ্রাণা ইবাসবঃ। প্রমোদনিভৃতাত্মানো গোপাঃ প্রীত্যাভিরেভিরে ॥১১
যশোদা রোহিণী নন্দো গোপ্যো গোপাশ্চ কৌরব। কৃষ্ণং সমেত্য লব্ধেহা আসন্ শুষ্কা নগা অপি ॥
রামশ্চাচ্যুতমালিঙ্গ্য জহাসাস্যানুভাববিৎ। প্রেম্না তমঙ্কমারোপ্য পুনঃ পুনরুদৈক্ষত ॥

শ্রীধরস্বামী।

অসব ইন্দ্রিয়াণি প্রমোদনিভৃতাত্মান আনন্দপূর্ণমনসঃ ॥ ১১ ॥
লব্ধেহাঃ লব্ধচেষ্টাঃ। নগা বৃক্ষা অপি পূর্ব্বং শুষ্কাঃ সন্তঃ সদ্য এব বিরূঢ়া ইত্যর্থঃ ॥ ১২ ॥

বৈষ্ণবতোষণী।

সর্ব্বে বক্ষ্যমাণাঃ অচেতনানামেব স্তব্ধানামপি তেষামেকদোত্থানে হেতুমাহ লব্ধপ্রাণা ইতি। তত্র মেলনে ক্রমঃ প্রমোদেতি সার্দ্ধেন। গোপাঃ সখায়ঃ। পূর্ব্বত এব তীরাগ্রমবলম্ব্য স্থিতত্বাৎ অভিরেভিরে পরিরেভিরে ॥ ১১ ॥
ততঃ শ্রীযশোদাদয়ঃ স্নেহক্রমেণাগ্রতোঽগ্রত আগত্য তত্রৈব স্থিতত্বাৎ। তত্র শ্রীযশোদা ব্রজাৎ প্রস্থিতানাং সর্ব্বেষামগ্রগামিনী তস্যা এবাসমোর্দ্ধবাৎসল্যাৎ। ততঃ শ্রীরোহিণী তয়া সখ্যেন সবাসনত্বেনচ তৎসহযোগাৎ। ততঃ শ্রীনন্দস্তদনুগতবাৎসল্যাৎ গোপ্যো গোপাশ্চ ক্রমেণ দম্পত্যোর্নিকটস্থা জ্ঞেয়াঃ। কেষাঞ্চিৎসব াসনত্বাৎ কেষাঞ্চিৎ অনুযায়িত্বাচ্চ। সমেত্যেতি পূর্ব্ববৎ। তাবৎ স্তব্ধীভূয় কেবলং দ্রষ্টার এবাসন্। পশ্চাৎ সম্ভ্রমেণোত্থিতমাত্রং নতু ধাবিতুং শক্তাঃ। সমেত্য তু আলিঙ্গনাদিচেষ্টাবন্তো বভূবুরিত্যর্থঃ। কিং বহুনেত্যাহ শুষ্কা ইতি। নিকটে তাবৎ বৃক্ষোৎপত্তিরেব নাস্তি দূরতস্ত যে বায়ুগত্যা শুষ্কা স্তদানীং এব তাদৃশশ্রীকৃষ্ণলীলয়া বা দুঃশকুনাস্তরবং শুষ্কাস্তেঽপি অঙ্কুরাদিবিকাশচেষ্টাবন্তো বভূবুরিত্যর্থঃ। লব্ধমনোরথা ইতি পাঠস্তু স্বাম্যসম্মতঃ ॥
অথ তাদৃশদুঃখিব্রজজনসঙ্গমায় দত্তাবসরেণ শ্রীরামেণ সঙ্গমং বর্ণয়তি রামশ্চেতি সার্দ্ধকং। চকারাৎ পূর্ব্বং ব্রজবাসিশোকেন রামশ্চান্তঃশুষ্কঃ পশ্চাৎ লব্ধেহস্তমালিঙ্গ্য জহাসেত্যর্থঃ। অচ্যুতং ন কথঞ্চিদপি মাহাত্ম্যাচ্চ্যুতং। কুতো জহাস তদাহ অস্যাচ্যুতস্যানু-

ক্রমসন্দর্ভঃ।

তাবদপি শঙ্কয়া স্তব্ধত্বাৎ পূর্ব্বে ঈক্ষমাণাঃ সর্ব্বে গোপাঃ সখায়োঽপরে নানাবিধাঃ ॥ ১১॥
সমেত্যৈবালিঙ্গনে চেষ্টাবন্তো বভূবুরিত্যর্থঃ। তদানীং ব্রজবাসিসধর্ম্মতাপ্রাপ্ত্যা নগা অপি পূর্ব্বং শুষ্কাঃ পশ্চাল্লব্ধেহাঃ। অঙ্কুরোদ্গমনাদি চেষ্টাবন্ত আসন্। তদ্বিষশুষ্কাণামতিপ্রাচীনত্বাচ্চিহ্নান্যপি তদা নাসন্নিতি। জহাসেত্যত্র হেতুরস্যেতি। অতো নিজব্রজদুঃখময়মিদং ভদ্রং কৃতমিত্যুপালম্ভনপূর্ব্বকমেবেত্যর্থঃ। গবাদিষু তত্রৈব বিদ্যমানেষ্বপি ক্ষুধাদিকর্ষিতত্বং তেষাং বিষসম্পর্কশঙ্কয়া শ্রীকৃষ্ণায়ানু-

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অসব ইন্দ্রিয়াণি প্রমোদনিভৃতাত্মানঃ আনন্দপূর্ণমনসঃ। গোপাঃ সখায়ঃ তেষামেব তারল্যেন প্রাথম্যোচিত্যাৎ ॥ ১১ ॥
ততো হা পুত্র জীবসীতি গদ্গদস্বরাগুরুলজ্জাভয়প্রশ্রয়াদিনিরপেক্ষা অতিবিহ্বলা শ্রীযশোদা ততস্তৎসখীষতিনিবিড়তয়া তদভিতঃ প্রাপ্তাসু মধ্যে মুখ্যা রোহিণী। ততঃ প্রেমোৎকট্যচুলুকিতগাম্ভীর্য্যো বিলম্বাসহিষ্ণুঃ স্ত্রীসংমর্দ্দমধ্য এব প্রবিশ্য নন্দঃ। ততোঽন্যা গোপ্যো বৎসলা গোপাশ্চোপনন্দাদয়ঃ। চকারেণানুরাগিণ্যঃ পূর্ব্বরাগবত্যো গোপ্যশ্চ দূরতো লোচনাঞ্জলীভিরেব সমেত্য পরিষঙ্গাদিভিঃ সঙ্গতীভূয় লব্ধচেষ্টা লব্ধবাঞ্ছিতা মৃতা ইব জীবন্ত্যো বভূবুঃ। কিং বহুনা নগাস্তীরে বৃক্ষাভাবাদ্দূরে বৃন্দাবনস্থা বৃক্ষা অপি তৎসাধর্ম্ম্যপ্রাপ্ত্যা কৃষ্ণমদৃষ্ট্বা শোকাৎ শুষ্কাস্তং পুনর্দৃষ্ট্বা লব্ধেহা অঙ্কুরপল্লবপুষ্পাদ্যুদ্গমবন্তঃ ॥
জহাসেতি ধন্যোঽস্যৈবং কর্ত্তুং যুজ্যত ইত্যুক্ত্বা তৎপ্রভাবজ্ঞোঽপি প্রেম্না পুনঃ পুনরুৎকর্ষেণ ঐক্ষতেতি কালিয়হৃতকেন কচ্চিৎ ক্ষতস্য নাভূরিতি ন্যভালয়ৎ ॥

বিগত প্রাণ পুনশ্চ সমাগত হইলে ইন্দ্রিয়গণ যেরূপ হয়, তদ্রূপ গোপগণ শ্রীকৃষ্ণকে দেখিবামাত্র উত্থিত হইলেন এবং আনন্দপূর্ণ হইয়া প্রীতিপূর্ব্বক আলিঙ্গন করিতে লাগিলেন ॥ ১১ ॥
হে কৌরব! যশোদা, রোহিণী তথা অন্যান্য গোপী এবং নন্দ ও আর২ গোপসকলও শ্রীকৃষ্ণকে দেখিতে পাইয়া স্ব স্ব বিনষ্ট চেষ্টা পুনঃ প্রাপ্ত হইলেন, আর শুষ্কবৃক্ষগণও তাঁহার দর্শনে সদ্যঃ জীবিত হইয়া উঠিল। বলদেবও শ্রীকৃষ্ণকে দেখিয়া আলিঙ্গন করিলেন। যদিও তিনি শ্রীকৃষ্ণের অনুভব জানিতেন বলিয়া অগ্রে হাস্য করিলেন। তথাপি স্নেহবশতঃ ক্রোড়ে আরোপণ করিয়া পুনঃ২ নিরীক্ষণ করিতে

গাবো বৃষা বৎসতর্য্যো লেভিরে পরমাং মুদং ॥ ১২॥

নন্দং বিপ্রাঃ সমাগম্য গুরবঃ সকলত্রকাঃ। ঊচুস্তে কালিয়গ্রস্তো দিষ্ট্যা মুক্তস্তবাত্মজঃ ॥ ১৩ ॥

যশোদা চ মহাভাগা নষ্টলব্ধপ্রজা সতী। পরিষ্বজ্যাঙ্কমারোপ্য মুমোচাশ্রুকলাং মুহুঃ ॥ ১৪ ॥

তাং রাত্রিং তত্র রাজেন্দ্র ক্ষুত্তৃড্‌ভ্যাং শ্রমকর্ষিতাঃ। ঊষুর্ব্রজৌকসো গাবঃ কালিন্দ্যা উপকূলতঃ।

শ্রীধরস্বামী।

নন্দং তে বিপ্রা ঊচুঃ। কিং তৎ দিষ্ট্যেত্যাদি ॥ ১৩ ॥

নষ্টলব্ধপ্রজা নষ্টপ্রায়া পুনর্লব্ধা প্রজা যয়া সা ॥ ১৪ ॥

শ্রমেণ কর্ষিতাঃ উপকূলতঃ কূলোপান্তে ॥ ১৫ ॥

বৈষ্ণবতোষণী।

ভাবং ইচ্ছামাত্রেণ সর্ব্বসামর্থ্যং বেত্তীতি তথা সঃ। অতো নিজব্রজদুঃখময়মিদং ভদ্রং কৃতং ইত্যুপালম্ভনপূর্ব্বকমেবেত্যর্থঃ। নগা অন্যেঽপি সর্ব্বে। গাবো বৃষা বৎসতরা ইতি পাঠঃ ক্বচিৎ ॥ ১২ ॥

